রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৩৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৪, ২০২৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৯৭—৬৩৫ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১২৩—১১৫৪ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৭—২৫০ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০১৭—১০৬০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০/১৮ জুন ২০২৩

**নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৭.১৯.২০০**—যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব জামশেদ মিনহাজ রহমান (পরিচিতি নম্বর : ০০১-০০১-২৫৩), ডিসিএজি (রিজার্ভ) হিসেবে সিএজি কার্যালয়ে পদায়িত রয়েছেন। তিনি সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ৩১(এ) অনুযায়ী সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে বিদেশী (কানাডিয়ান) নাগরিকত্ব গ্রহণ করেন। বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের তথ্যমতে তিনি কানাডিয়ান পাসপোর্ট (যার নং-GJ448520) ব্যবহার করে যথাক্রমে ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৯ সালে বিভিন্ন দেশ ভ্রমণ করেন। বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করেও সরকারের রাজস্বখাত হতে বেতন-ভাতাদি গ্রহণ করেন। সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে বিদেশী নাগরিকত্ব গ্রহণ করে তিনি সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ধারা ৪০(১) এর বিধান সুস্পষ্ট লঙ্ঘন করেন। বিদেশী নাগরিকত্ব গ্রহণের অভিযোগের ভিত্তিতে ০৭-০২-২০২২ তারিখে কারণ দর্শানো নোটিশের পাশাপাশি কানাডিয়ান পাসপোর্ট জমা দেয়ার জন্য তাঁকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিনি কানাডিয়ান পাসপোর্ট জমা না দিয়ে ২০১৭ সালের মেয়াদোত্তীর্ণ বাংলাদেশী পাসপোর্ট (যার নং AD 9272573) এর আংশিক ফটোকপি জমা দিয়েছেন। পুনরায় ০৮-০৩-২০২২ তারিখে সর্বশেষ বিদেশ ভ্রমণকালে ব্যবহৃত পাসপোর্টের মূলকপি ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জমা দেয়ার নির্দেশ প্রদান করা হলে উক্ত পত্রের কোনো জবাব দাখিল না করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক "অভিযোগনামা" ও "অভিযোগ বিবরণী" জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং অভিযোগের পর্যাপ্ত ভিত্তি থাকায় অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মফিদুর রহমান-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক কাগজপত্রাদি ও প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব জামশেদ মিনহাজ রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি ৭(৯) অনুযায়ী ২য় কারণ দর্শানোর নোটিশ তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় জারি করা হয়। বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অভিযুক্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে প্রমাণিত অপরাধের বিপরীতে জবাব দাখিল করেননি;

যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী জনাব জামশেদ মিনহাজ রহমান-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক একই বিধিমালার বিধি ৭(১০) ও বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯-এর ৬নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন এ বিষয়ে একমত পোষণ করে;

যেহেতু, বিভাগীয় মামলার সকল বিধি-বিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব জামশেদ মিনহাজ রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিধি ৪(৩)(ঘ) মোতাবেক তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক "গুরুদণ্ড" প্রদানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি প্রদান করেন;

সেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব জামশেদ মিনহাজ রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী সরকারি "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)" সূচক "গুরুদণ্ড" প্রদান করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা ইয়াসমিন**
সিনিয়র সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**কর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ আষাঢ় ১৪৩০/০৪ জুলাই ২০২৩

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০১৩.২৩.২৯১**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন প্রভাষক (উদ্ভিদবিদ্যা) পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-৪, চট্টগ্রামের "সহকারী কর কমিশনার" পদে কর্মরত রিমি রায় (২০০৭৩৮) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

**শর্তসমূহ**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ : ২১ আষাঢ় ১৪৩০/০৫ জুলাই ২০২৩

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৪৩.২১.২৯২**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সহকারী সার্জন পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-বগুড়ার "সহকারী কর কমিশনার" পদে কর্মরত এস এম খায়রুল বাশার (২০০৬৫৩) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (০৮-১২-২০১৯ খ্রি. হতে ১৩-০২-২০২১) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

**শর্তসমূহ**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

---

শুল্ক-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩০/০২ জুলাই ২০২৩

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৭.০০০৬.২৩.২৬৭**—নাহিদা আকতার, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা; কারা অধিদপ্তরের মহিলা ডেপুটি জেলার পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' হিসেবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (০৪ নভেম্বর ২০১৮ হতে ৩০ নভেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে তার ভোগকৃত ৩ (তিন) মাস ২৬ (ছাব্বিশ) দিনের অসাধারণ ছুটি পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কে. এম. আলমগীর কবীর**
উপসচিব।

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৩ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ মে ২০২৩

নং **০৯.০০.০০০০.১২৫.১৪.০১৮.২১-১৬৪**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য Rural Connectivity Improvement Project-শীর্ষক প্রকল্পের নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিনিধিদল গঠন করা হল :

| | | |
|---|---|---|
| (ক) | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান<br>এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | জনাব মো: আলি আখতার হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ” |
| (গ) | জনাব এস. এম. জাকারিয়া হক<br>যুগ্মসচিব, এডিবি-১ অধিশাখা<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (ঘ) | প্রতিনিধি, অর্থ বিভাগ | ” |
| (ঙ) | জনাব মোঃ মাহবুব হাসান শাহীন<br>উপপ্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ” |
| (চ) | জনাব মো: নূরে আলম, উপসচিব<br>(পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ | ” |
| (ছ) | জনাব সৈয়দ আশরাফুজ্জামান<br>উপসচিব (ফাবা-১)<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (জ) | জনাব মোঃ নাজমুল হুসেইন খাঁন<br>উপপরিচালক, আইএমইডি | ” |
| (ঝ) | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ” |
| (ঞ) | জনাব মো: কামরুল ইসলাম<br>প্রকল্প পরিচালক, রুরাল কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট | ” |
| (ট) | জনাব মোঃ ওয়ালীউল হাসান<br>সিনিয়র সহকারী সচিব (এডিবি-৩ শাখা)<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (ঠ) | জনাব শেখ মুরাদ হোসেন<br>দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড | ” |

**২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৬ মে ২০২৩ | সকাল ১০.০০ টা | Virtually |

৩। লোন নেগোসিয়েশনের জন্য উপরে বর্ণিত বাংলাদেশ প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

তারিখ : ১৪ মে ২০২৩

নং **০৯.০০.০০০০.১২৫.১৪.০১১.২১-১৬৫**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য 'Climate Resilient Livelihood Improvement and Watershed Management in Chattogram Hill Tracts Project' শীর্ষক প্রকল্পের নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিনিধিদল গঠন করা হল :

| | | |
|---|---|---|
| (ক) | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান<br>এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | ড. অঞ্জন কুমার দেব রায়<br>অতিরিক্ত সচিব<br>কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ” |
| (গ) | জনাব মো: আলি আখতার হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ” |
| (ঘ) | জনাব এস. এম. জাকারিয়া হক,<br>যুগ্মসচিব, এডিবি-১ অধিশাখা,<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (ঙ) | প্রতিনিধি, অর্থ বিভাগ | ” |
| (চ) | জনাব মো: নূরে আলম<br>উপসচিব (পরিকল্পনা-১)<br>স্থানীয় সরকার বিভাগ | ” |
| (ছ) | জনাব ড. খালেদা পারভীন<br>উপসচিব (ড্রাফটিং)<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ” |
| (জ) | জনাব সৈয়দ আশরাফুজ্জামান<br>উপসচিব (ফাবা-১)<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (ঝ) | জনাব কাজী মোহাম্মদ চাহেল তস্তরী<br>উপসচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ” |
| (ঞ) | জনাব মোঃ নাজমুল হুসেইন খাঁন<br>উপপরিচালক, আইএমইডি | ” |
| (ট) | জনাব সুবর্না চাকমা<br>নির্বাহী কর্মকর্তা<br>পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ | ” |
| (ঠ) | জনাব গৌতম কুমার চাকমা<br>নির্বাহী কর্মকর্তা<br>পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ | ” |
| (ড) | জনাব মোঃ ওয়ালীউল হাসান<br>সিনিয়র সহকারী সচিব (এডিবি-৩ শাখা)<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (ঢ) | জনাব শেখ মুরাদ হোসেন<br>দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড | ” |

**২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৬ মে ২০২৩ | সকাল ১২.৩০ টা | Virtually |

৩। লোন নেগোসিয়েশনের জন্য উপরে বর্ণিত বাংলাদেশ প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ওয়ালীউল হাসান**
সিনিয়র সহকারী সচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১৭-২০২৩/কাস্টমস/১৯৫**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০৭/এসবিডব্লিউ/১৯৮১, তারিখ : ১১-০৪-১৯৮১ খ্রি:) এর নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৩৭/২০২২/কাস্টমস/২৪৭, তারিখ : ২৯-০৬-২০২২ খ্রি: এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ৬ (ছয়) মাসের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ায় প্রতিষ্ঠানটি ২০২২-২০২৩ অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য বর্ধিত প্রাপ্যতা প্রদানের আবেদন জানান। প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় উক্ত প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ৬ (ছয়) মাসের জন্য অনুমোদিত প্রাপ্যতা হতে ইতোমধ্যে কৃত আমদানি বাদে অবশিষ্ট পরিমাণ প্রাপ্যতার মেয়াদ আগামী ৩০-০৬-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করা হ'ল।

২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং ০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.২০২০/১২২, তারিখ : ০৪-০৪-২০২২ খ্রিঃ এর মাধ্যমে খালাসের অনুমতি প্রাপ্ত পণ্য চালানটির মূল্য (৯৭১৫ মাঃ ডলার) ইতোমধ্যে প্রাপ্যতা হতে সমন্বয় না করা হয়ে থাকলে আলোচ্য প্রাপ্যতা হতে সমন্বয়যোগ্য হবে।

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৩১/২০২৩-২৭১**—Thd Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মানিকগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ বশির উদ্দিন, পিতা-ওয়াজ উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওসমান হায়দার**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০/২১ মে ২০২৩

**বিষয়: জামালপুর জেলার ইসলামপুর পৌরসভাটি "খ" শ্রেণি হতে "ক" শ্রেণিতে উন্নীত হওয়ায় উক্ত পৌরসভায় কর্মরত নিকাহ্ রেজিস্ট্রারদের গণ্যকরণ প্রসঙ্গে।**

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪-১৯৯**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, ইসলামপুর, জামালপুর এর গত ০৩-০১-২০২৩ খ্রি. তারিখের ০৪ নং স্মারকমূলে প্রেরিত প্রতিবেদনের আলোকে জামালপুর জেলার ইসলামপুর পৌরসভাটি 'খ' শ্রেণি হতে 'ক' শ্রেণিতে উন্নীত হওয়ায় ও উক্ত পৌরসভার ০১, ০২, ০৩, ০৪, ০৫ ও ০৬ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে কর্মরত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিদ্দিকুর রহমান ০১ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০১ ও ০২ নং ওয়ার্ডে ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে কর্মরত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আমিনুল ইসলাম ০৭ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০৭ ও ০৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৪১/২০২৩-৩০৬**—Thd Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ আবুল হাসেম চৌধুরী, পিতা-মৃত মোঃ আবদুল মজিদ চৌধুরী, মাতা-মৃত জমিরের নেছা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২২ আষাঢ় ১৪৩০/০৬ জুলাই ২০২৩

**বিষয়: কক্সবাজার জেলার চকরিয়া পৌরসভাটি "ক" শ্রেণির পৌরসভা হওয়ায় ও নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ শহীদ উল্লাহ চকরিয়া পৌরসভার ০২ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০২ ও ০৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.৭৫(১/১)-২৪০**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব জাফর আলম (২৯৪, কক্সবাজার-১) এর ১১-০৪-২০২৩ খ্রি. তারিখের ১৩৪০ নং স্মারকমূলে প্রেরিত ডিও পত্র ও জেলা রেজিস্ট্রার, কক্সবাজার এর ৩০-০৪-২০২৩ খ্রি. তারিখের ৪৯১ নং স্মারকমূলে প্রেরিত প্রতিবেদনের আলোকে জনাব মোহাম্মদ শহীদ উল্লাহ কক্সবাজার জেলার চকরিয়া পৌরসভার ০২ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০২ ও ০৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশাবলী**

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩০/০৯ জুলাই ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১০৮.৭৯-২৪২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব খোরশিদ, জন্ম তারিখ : ১৫-০১-১৯৮৮ খ্রি., পিতা-নাসির উদ্দিন, মাতা : রেহেনা বেগম, গ্রাম : বাঙ্গালীনগর, ওয়ার্ড নং-০৪, ডাকঘর : উত্তর মির্জানগর, উপজেলা : রায়পুরা, জেলা-নরসিংদী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার রায়পুরা উপজেলার মির্জানগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০/১২ জুন ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১৮.০২(১)-২১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মঈনুল হক, পিতা-নুরুল হক, মাতা-লায়লা হক, বাসা/হোল্ডিং নং-১ হক ভবন, গ্রাম/রাস্তা-মইন্যা পাড়া, ডাকঘর-হালিশহর হা/এ-৪২১৬, থানা-হালিশহর, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৬ নং উত্তর হালিশহর ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০/২১ মে ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১৮.৯৫(১)-১৯৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব বি. এম. শফিকুল ইসলাম, জন্ম তারিখ : ০১-০৩-১৯৯৫ খ্রি., পিতা-বি. এম. নাজমুল হক, মাতা-রওশন আরা বেগম, গ্রাম-মনোরুদ্দিন বেপারী কান্দি, বড় কেশবপুর, ওয়ার্ড নং-০১, ডাকঘর-কুতুবপুর, উপজেলা-শিবচর, জেলা-মাদারীপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাদারীপুর জেলার শিবচর উপজেলার ১৬ নং কুতুবপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০/১৮ মে ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮১(১)-১৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব হেলাল হোসাইন, জন্ম তারিখ : **৩১-১২-১৯৯১** খ্রি., পিতা-আব্দুল আজিজ, মাতা-শাহানারা, গ্রাম হোসেনপুর, ডাকঘর-মালশিরা, উপজেলা-মান্দা, জেলা-নওগাঁ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নওগাঁ জেলার মান্দা উপজেলার ০১ নং ভারশোঁ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক

সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫০.৮১(১)-১৯৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ ফরিকুল ইসলাম, জন্ম তারিখ : ১৯-০১-১৯৮৪ খ্রি., পিতা-মোহম্মদ লুৎফর রহমান শেখ, মাতা-নুরজাহান, গ্রাম-শিরাশুনি, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-শিরাশুনি, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার তালা উপজেলার ০৫ নং তেঁতুলিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.২৩-১৭৬**—যেহেতু, জনাব মোঃ তোফায়েল মিয়া (পরিচিতি নং-৬০১৯৯৬), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর আবেদনের প্রেক্ষিতে তার অনুকূলে অস্ট্রেলিয়া সরকারের Research Training Program Scholarship (RTPS) এর আওতায় অস্ট্রেলিয়ার Queensland University of Technoloty (QUT) তে Transportation Engineering এ পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য ১৫-১০-২০১৮ হতে ১৩-১০-২০২১ পর্যন্ত প্রেষণ মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে ১৪-১০-২০২১ হতে ১৩-১০-২০২২ পর্যন্ত আরও এক বছর বর্ধিত করা হয়;

এবং

যেহেতু, তার প্রেষণের মেয়াদ গত ১৩-১০-২০২২ তারিখ সমাপ্ত হয়েছে এবং তিনি গত ১৪-১০-২০২২ তারিখ হতে ০৩ মাস ০৩ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৮-০১-২০২৩ তারিখে কর্মস্থলে যোগদান করেন;

এবং

যেহেতু, এ বিভাগের সওজ গেজেটেড ও সংস্থাপন শাখার গত ২০-১১-২০২২ তারিখের ৩৫.০২২.০২৫.০০.০০.০২০.২০০৯-৬৮৪ সংখ্যক স্মারকে প্রেষণ মেয়াদ শেষে অষ্ট্রেলিয়া হতে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান করার জন্য তাকে নির্দেশ প্রদান করা হলেও তিনি নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করেননি বা কোনো জবাব দাখিল করেননি;

এবং

যেহেতু, তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে প্রেষণের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান না করে ১৪-১০-২০২২ তারিখ থেকে বিনা অনুমতিতে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী গত ০৩-০১-২০২৩ তারিখে তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

এবং

যেহেতু, তিনি ১৪-১০-২০২২ তারিখ থেকে গত ১৮-০১-২০২৩ তারিখ পর্যন্ত ০৩ মাস ০৩ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কাজে অবহেলা, উদাসীনতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ প্রতিপালনে শৈতিল্য প্রদর্শন করেছেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) ও ২(চ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৩ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪ (৩)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তা লিখিতভাবে জানানোর জন্যও নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, জনাব মোঃ তোফায়েল মিয়া গত ১৩-০২-২০২৩ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং গত ১৫-০৫-২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীকালে প্রদত্ত আদেশ মোতাবেক তিনি গত ১৬-০৫-২০২৩ তারিখে বক্তব্যের সমর্থনে প্রমাণাদি দাখিল করেছেন;

এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে তিনি যথাসময়ে ছুটির আবেদন প্রেরণ করেছেন বলে উল্লেখ করেছেন এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্ত যথাযময়ে তিনি অবহিত ছিলেন না। তাছাড়া উক্ত সময়ে তিনি

কোভিড-১৯ এ আক্তান্ত হন যার সমর্থনে পি.সি.আর পরীক্ষার প্রমাণপত্র দাখিল করেছেন। পরবর্তীতে বিমানের টিকেট না পাওয়ার কারণে যথাসময়ে তিনি দেশে প্রত্যাবর্তন করতে পারেননি। সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ তোফায়েল মিয়ার ইচ্ছাকৃত কোনো ত্রুটি পরিলক্ষিত হয় নাই তাই তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয় এবং তার বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগের দায় থেকে তাকে অব্যাহতি দেয়া হলো;

এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ তোফায়েল মিয়া, নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বক্তব্যের সমর্থনে দাখিলকৃত প্রমানাদি পর্যলোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০১/২০২৩) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো। তবে তার অনুমোদিত ছুটির অতিরিক্ত সময় অর্জিত ছুটি হিসেবে গন্য হবে এবং তাকে যথাযথ নিয়মে অর্জিত ছুটির আবেদন করার জন্য নির্দেশ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ জ্যৈষ্ঠ ১৪৩০/১৫ মে ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৭.২২.৭৬৫**—পিরোজপুর জেলার মঠবাড়িয়া পৌরসভার পরিষদের মেয়াদ উত্তীর্ণ হওয়ায়, উক্ত পৌরসভার কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪২ এর উপধারা (১) অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিকে মঠবাড়িয়া পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো :

| জেলার নাম | পৌরসভার নাম ও শ্রেণি | নিয়োগকৃত প্রশাসক-এর নাম ও ঠিকানা |
|---|---|---|
| পিরোজপুর | মঠবাড়িয়া 'ক' শ্রেণি | জনাব মোঃ আরিফ-উল-হক<br>পিতা-মৃত মোঃ আনোয়ারুল হক মন্টু<br>মাতা : মৃত হোসনেয়ারা হক<br>স্থায়ী ঠিকানা : গ্রাম-উত্তর মিঠাখালী, পোঃ-মঠবাড়িয়া-৮৫৬০,ওয়ার্ড নং ৩, ৫নং মঠবাড়িয়া সদর ইউনিয়ন, উপজেলা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর |

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকাণ্ড পালন করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকব হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৬ (দপ্তর ও সংস্থা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০/২১ মে ২০২৩

নং **৪১.০০.০০০০.০১৯.০৫.০২৭.২২.২০৪**—বাংলাদেশ সার্ভিস রুল পার্ট-১ এর ৩০০ (বি) বিধি মোতাবেক জনাব মোঃ মাসুদ রানা, সহকারী সমাজসেবা অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর বেতন সংরক্ষণযোগ্য হবে এবং ১১ ফেব্রুয়ারি ২০২০ তারিখ হতে সরকারি চাকরি ধারাবাহিকতা অক্ষুন্ন থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **৪১.০০.০০০০.০১৯.০৫.০২৭.২২.২০৫**—বাংলাদেশ সার্ভিস রুল পার্ট-১ এর ৩০০ (বি) বিধি মোতাবেক সমাজসেবা অধিদপ্তরাধীন জনাব মোঃ রাকিব হোসেন, উপজেলা সমাজসেবা অফিসার, রাঙ্গাবালি, পটুয়াখালী এর বেতন সংরক্ষণযোগ্য হবে এবং ২৩ জুলাই ২০১৭ তারিখ হতে সরকারি চাকরির ধারাবাহিকতা অক্ষুন্ন থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল হামিদ মিয়া**
উপসচিব।

---

**সামাজিক নিরাপত্তা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩০/০৭ মে ২০২৩

নং **৪১.০০.০০০০.০২৩.৩২.০০১.২৩.৩১২**—সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত ক্যান্সার,কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি'র বিতরণকৃত চেকের মেয়াদ উত্তীর্ণের ক্ষেত্রে রোগী/নমিনি যৌক্তিক কারণ উল্লেখপূর্বক চেক ইস্যুকারী কর্তৃপক্ষ বরাবর সরাসরি অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আবেদন করবেন। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ আবেদনের তথ্যাদি যাচাইঅন্তে সঠিকতা ও যৌক্তিকতা বিবেচনাপূর্বক শুধুমাত্র একবার রোগী/নমিনি এর নামে চেক পুনঃইস্যু করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো।

২। এটি জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মে ২০২৩ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.১০৫.২০২২-৩২৩**—যেহেতু, ডা. মাহবুবুল হক (১১৪৭০৯), জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া বদলিকৃত কর্মস্থল ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মণবাড়িয়ায় যোগদান না করে গত ১৫-০১-২০১৮ খ্রি. তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯-১১-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১০৫.২০-৪০৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০২-০৪-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু,অভিযুক্ত ডা. মাহবুবুল হককে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুসারে ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ক্রমপঞ্জীভূত হারে স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতিকাল ১৫-০১-২০১৮ হতে পদায়িত কর্মস্থলে যোগদানের তারিখ ১৪-০৫-২০২৩ খ্রি. পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো। উক্ত সময়ে তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি এ সংক্রান্ত কোনো বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

---

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১২ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৯৪.২২-১৪৯**—যেহেতু, জনাব অসীম কুমার গাঙ্গুলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, ঝিনাইদহ (ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হিসেবে কর্মকালীন অভিযোগ) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ সহকারীদের মিনি স্টোরের জন্য ক্রয়কৃত স্টীলের ট্রাঙ্ক ক্রয়ের ক্ষেত্রে যথাযথ সরকারি পদ্ধতি অনুসরণ করেননি;

২। যেহেতু, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৭৮/২৩ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১১-০১-২০২৩ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭. ০৯৪.২২-১৫ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৩। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ১৬-০৩-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তিনি জবাবে ও শুনানিতে তার উপর অর্পিত দায়িত্ব সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে সম্পাদন করেছেন মর্মে জানিয়েছেন;

৪। যেহেতু, উত্থাপিত অভিযোগের বিষয়ে উপপরিচালক, জেলা পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইদহ ০৮-০৫-২০২৩ তারিখের ৫৯.১১. ৪৪০০.০০০.০০.০০০.২৩-২২৭ নং স্মারকে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে নিম্নরূপ তথ্য প্রদান করেছেন :

(ক) জনাব অসীম কুমার গাঙ্গুলী স্টীলের ট্রাঙক ক্রয় করার ক্ষেত্রে সরকারি পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করেছিলেন।

(খ) এ খাতে ৮৪,০০০/- টাকা বরাদ্দ ছিল কিন্তু ব্যয় হয়েছিল ৭০,৮০০/- টাকা। বরাদ্দকৃত টাকা যথাযথভাবে খরচ করা হয়েছিল।

(গ) ক্রয়কৃত ট্রাংকগুলো সংশ্লিষ্ট পরিবার কল্যাণ সহকারীদের মধ্যে সঠিকভাবে বিতরণ করা হয়েছিল এবং তারা ট্রাংক বুঝে পেয়েছিলেন।

(ঘ) স্টীলের ট্রাংক ক্রয়ের ক্ষেত্রে বরাদ্দকৃত সরকারি অর্থ তছরূপ হয় নাই।

৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী পিআরএল ভোগরত থাকায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলার শাস্তি প্রদান করা সম্ভব নয়। শুনানী এবং স্থানীয় তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি সরকারি অর্থ তছরুপ করেননি। ক্রয়ের ক্ষেত্রে তিনি সরকারি পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করেছেন;

৬। সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব অসীম কুমার গাঙ্গুলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, ঝিনাইদহ (পিআরএলরত) কে তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও দুর্নীতি'র অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আজিজুর রহমান**
সচিব।

**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ মে ২০২৩ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.১৪৮.২০২২-৩২২**—যেহেতু, ডা. সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিন (৪১৭৪৮), ইমারজেন্সি মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, বরিশাল গত ২৬-০২-২০২২ হতে ২২-১১-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চাকরিতে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২২-০২-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৪৮. ২২-১০২ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ৩০-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, ইতোমধ্যে অভিযুক্ত কর্মকর্তা চাকরি থেকে ইস্তফা প্রদানের আবেদন দাখিল করেছেন এবং এ কারণে বিভাগীয় মামলাটি দ্রুত নিষ্পত্তি করা সমীচীন;

সেহেতু অভিযুক্ত ডা. সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিনের স্বাস্থ্যগত ও পারিবারিক সমস্যা এবং চাকরি হতে ইস্তফার বিষয়টি বিবেচনা করে তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দিয়ে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিতিকাল ২৬-০২-২০২২ হতে ২২-১১-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। ইতোমধ্যে উক্ত সময়ের বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১১১.২০২০-৩২১**—যেহেতু, ডা. আখতার আহমদ (১১২৫১৪), সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্ব), হেপাটোবিলিয়ারি সার্জারি, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার বিধি ৪(২)(ঘ) অনুযায়ী পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণসূচক লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উপর্যুক্ত দণ্ডের বিরুদ্ধে ডা. আখতার আহমদ কর্তৃক মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপিল দায়েরের প্রেক্ষিতে মহামান্য রাষ্ট্রপতি উক্ত আপিল মঞ্জুর করতঃ ০৫ (পাঁচ) বছরের পরিবর্তে ০৩ (তিন) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণসূচক লঘুদণ্ড প্রদানের সানুগ্রহ আদেশ প্রদান করেছেন;

সেহেতু, ডা. আখতার আহমদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ অর্থাৎ ষষ্ঠ গ্রেড (৩৫,৫০০—৬৭,০১০/-) স্কেলের বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৫২,৪৮০/- টাকা হতে বেতন গ্রেডের নিম্নধাপে ৩৫,৫০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণসূচক লঘুদণ্ড আরোপ করা হলো। উল্লেখ্য, ভবিষ্যতে তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০/১৮ মে ২০২৩

নং **৪৩.০০.০০০০.১১৪.১৬.১৩৮.২২-১৭৫**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | 'রঘুনাথ ভবন'<br>গ্রাম : মির্জাপুর<br>ইউনিয়ন : ৩নং চরফরাদী<br>উপজেলা/থানা : পাকুন্দিয়া<br>জেলা : কিশোরগঞ্জ | মির্জাপুর | এস এ খতিয়ান নম্বর-১৫০, ৩৫৫ ও ৫১৮ আর এস খতিয়ান | এস এ দাগ নম্বর-২৯২, ২৯৩, ২৯৪ ও ২৯৫ | ০.৩৭<br>০.৮৬<br>০.০২<br>০.১০ | পূর্ব : মাইনুদ্দিন<br>পশ্চিম : উচ্চ বিদ্যালয়<br>উত্তর : গৌরাঙ্গ মদক<br>দক্ষিণ : রাস্তা ও | এসএ রেকর্ডীয় মালিক-জমিদার রায় মোহন সাহা রায় এর উত্তরাধিকার শশীমোহন সাহা রায়, রনদা প্রসাদ সাহা রায়, শীব শঙ্কর সাহা রায় ও | আর এস রেকর্ডীয় মালিকের সকল ওয়ারিশগণ সম্মত রয়েছেন। | |

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | নম্বর-৬২৮ | আর এস দাগ নম্বর- ৩৩৬ ৩৩৭ ৬৭৪ ৩৩৮ | | ডা: সামসু | রবীন্দ্র মোহন সাহা রায়গণের নামে আর এস রেকর্ড প্রকাশিত হয়েছে। | | |
| | | | | ১৬৮১ | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাজীব কুমার সরকার**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১).১৭৪**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | খঞ্জনকাটি | ১১২ | ৪৩৫ | সাভার | ঢাকা |
| ২ | ডিক্রিরটেক | ৬৪ | ৩৯১ | সাভার | ঢাকা |
| ৩ | পিপুলিয়া | ১৩২ | ৩৫৭ | সাভার | ঢাকা |
| ৪ | ভোমকা | ১৪০ | ৫৩৭ | সাভার | ঢাকা |

তারিখ : ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১১ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.১৭৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালপুর | ১৪৬ | ৪২১৬ | শেরপুর | বগুড়া |
| ২ | বেলগাড়ী | ১৯৬ | ৪১২ | শেরপুর | বগুড়া |
| ৩ | উলট | ৮২ | ১২৪৮ | কাহালু | বগুড়া |
| ৪ | দেওগাঁও | ১১৯ | ১৬৯৩ | কাহালু | বগুড়া |

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১৬ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১৫৭.১০(অংশ-২).১৩৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | হরিরাম | ১৩২ | ৫৪২ | পীরগাছা | রংপুর |
| ২ | পূর্ব্ব হাগুরিয়া হাসিম | ১৪৬ | ৫৫৪ | পীরগাছা | রংপুর |
| ৩ | ঘগোয়া | ১৫৭ | ১১০৫ | পীরগাছা | রংপুর |
| ৪ | দক্ষিণ সিঙ্গেরগাড়ী | ২৫ | ২৩৬২ | কিশোরগঞ্জ | নিলফামারী |
| ৫ | উত্তর সিঙ্গেরগাড়ী | ৩৬ | ২৬৪৪ | কিশোরগঞ্জ | নিলফামারী |
| ৬ | গয়াবাড়ী | ২৫ | ২৪৭০ | ডিমলা | নিলফামারী |
| ৭ | ধর্ম্মপুর | ৮০ | ৩১৬৭ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১).১৩৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | পুঁটীয়া | ২৫২ | ৩৩৬৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ০২ | বিলইছামতি | ১৬ | ২৮৫৮ | লোহাগড়া | নড়াইল |
| ০৩ | জয়পুর | ৬৭ | ১৬৯৫ | লোহাগড়া | নড়াইল |
| ০৪ | পাটনা | ৭৭ | ১৭৫৯ | কালিয়া | নড়াইল |
| ০৫ | নহাটা | ১০৫ | ৩৮৩৩ | মহম্মদপুর | মাগুরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
যুগ্মসচিব (জরিপ)।

## মাঠ প্রশাসন-২ শাখা

## আদেশ

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১২ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৫৬.১৫.০৪২.২০.২২৪**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ অধিশাখার গত ০৪-০৪-২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৫৬.১৫.০০৭.২০-৬৮ নম্বর স্মারক, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-২ এর গত ২৭-০৩-২০২২ তারিখের ০৭.১৫২.০০০.৩১.০০.০০১ (ভূমি-১).৯৫৯(অংশ)-৩৪৯ নম্বর স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অধিশাখা এর গত ০৪-০৭-২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০১.২২-১৫২ নম্বর স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩-০১-২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১১.২২.৫ নম্বর স্মারকের মাধ্যমে ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত অনুযায়ী রংপুর মহানগর রাজস্ব সার্কেল ভূমি অফিসের জন্য সহকারী কমিশনার (ভূমি) এর ০১টি পদ স্থায়ীভাবে এবং অন্যান্য সহায়ক ০৬ (ছয়)টি পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনের সুপারিশের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯-০৫-২০২৩ তারিখে ০৫.০০.০০০০.১৩৩.১৫.০২৯.১৭-২৪৯ নং স্মারকে সহকারী কমিশনার (ভূমি) এর পদটি স্থায়ীভাবে সৃজন করায় রংপুর মহানগর রাজস্ব সার্কেল ভূমি অফিসের জন্য সহকারী কমিশনার (ভূমি) এর সহায়ক ০৬ (ছয়)টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে আগামী ৩১-০৫-২০২৪ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমঃ | পদের নাম | পদসংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল (জা:বে:স্কে:ড়-২০১৫ | নিয়োগের যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | কানুনগো | ০১(এক)টি | ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-০২ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০২ | সার্ভেয়ার | ০১(এক)টি | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-০৩ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১(এক)টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-০৬ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০৪ | প্রসেস সার্ভার | ০১(এক)টি | ৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-১২ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০৫ | অফিস সহায়ক | ০১(এক)টি | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-১৩ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০৬ | চেইনম্যান | ০১(এক)টি | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা -২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক-১৫ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| | সর্বমোট = | ০৬(ছয়)টি | | |

২। উল্লিখিত পদগুলোর বেতন ও ভাতা ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩। এতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ (জি.ও) জারি করা হলো।

**শাকিলা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## মনিটরিং অধিশাখা-১১

## বিজ্ঞপ্তি

তারিখ : ৩০ জ্যেষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **২৫.০০.০০০০.০২৪.৫৭.০০১.২২-১৬২**—মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৪২/২০০২ এবং কনটেম্পট মামলা নং ৪১৮/২০১৭ এর রায়/নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ২৩ সেপ্টেম্বর, ১৯৮৬ তারিখে বাংলাদেশ অতিরিক্ত গেজেট পৃষ্ঠা নম্বর ৯৭৬২ (১৪২), ক্রমিক নং-৫০ এ প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তির "ক" তালিকা থেকে নিম্নবর্ণিত বাড়িটি সরকার অবমুক্ত করলেন।

**লালমনিরহাট সদর উপজেলাধীন মৌজা-সাপটানা, খতিয়ান নং ৯৬৮, দাগ নং ৩১৪৬, জমি ০.১০ একর (স্থানীয় তালিকায় পরিত্যক্ত সম্পত্তির বাড়ি নং ১০৭)।**

২।এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকা সময়ের জন্য সরকারের নিকট কেউ কোনো প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাঃ মাছুম বিল্লাহ**
উপসচিব।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## জামস শাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ১৪ জুন ২০২৩ খ্রি.

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৫৩.১৮.৫৬**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, দিনাজপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার, দিনাজপুর জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব সুলতানা বুলবুল স্বামী-মৃত এ্যাডভোকেট সাইদুর রহমান, সদর, দিনাজপুর। | চেয়ারম্যান |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব ছবি সিনহা স্বামী-অরুণ সিনহা, সদর, দিনাজপুর। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব সেলীনা জামান, স্বামী-আলতাফুজ্জামান মিতা, সদর, দিনাজপুর। | সদস্য |
| ০৪ | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব খ্রীষ্টিনা লাভলী দাশ, স্বামী-এন্টনী এন. এন দাশ, সদর, দিনাজপুর। | সদস্য |
| ০৫ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব আখতারা পারভীন প্রধান শিক্ষিকা, দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে **১**নং ক্রমিকের জনাব সুলতানা বুলবুল, স্বামী-মৃত এ্যাডভোকেট সাইদুর রহমান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১৪-০৬-২০২৩ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১৮ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯৫.০২৭.৪৯.২০২৩.২৪৮**—যেহেতু, জনাব মুহাঃ ইলিয়াছ হোসাইন, সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা), বরুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরুড়া, কুমিল্লা এর বিরুদ্ধে চৌদ্দগ্রাম থানায় মামলা নং-৩ তারিখ : ০২-০২-২০২২ জিআর নং ৪০/২০২২ ধারা-৩০২/৩০৭/৩২৩/৩২৪/১৪৩/১৪৯/৩৪ পেনাল কোডে মামলা দায়ের হওয়ার প্রেক্ষিতে গত ৩০-১১-২০২২ তারিখে তাকে গ্রেফতার করা হয়;

সেহেতু, জনাব মুহাঃ ইলিয়াছ হোসাইন, সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা), বরুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরুড়া, কুমিল্লা-কে গত ৩০-১১-২০২২ খ্রি. হতে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ভাদ্র ১৪২৮/১৬ আগষ্ট ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৫৭.০০১.১৮.১৩১**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ' গত **১১** আগস্ট ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ মে ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৮৫.০৬.৩৯.২০১৯-২৯১**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৭(১) ধারা অনুযায়ী ঢাকা ওয়াসা বোর্ডের সদস্যগণের মধ্য হতে জনাব সুজিত কুমার বালা, ২৪/২, বুয়েট টিচার্স কোয়ার্টার, বুয়েট, ঢাকা-১০০০-কে ঢাকা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করা হলো। পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৯(১) ধারা অনুযায়ী তিনি ঢাকা ওয়াসা বোর্ডের পূর্বতন চেয়ারম্যান ড. প্রকৌশলী গোলাম মোস্তফা এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আকবর হোসেন**
উপসচিব।

---

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১০.২০২৩-৪৪৪**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি (সাবেক নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার) গত ৩১-০৭-২০১৮ হতে ২৫-০৪-২০১৯ তারিখ পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার হিসেবে কর্মরত ছিলেন;

যেহেতু, ২০১৭-১৮ অর্থবছরে মৌলভীবাজার জেলাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পল্লী উন্নয়ন ও কালভার্ট মেরামত কর্মসূচির ৪টি স্কীমের জরুরি মোবাইল মেইন্টেনেন্স কাজের মোট ২৮,৪৮,৮২৯/- টাকার কাজ না করে বিল ভাউচারের মাধ্যমে উত্তোলনপূর্বক আত্মসাৎ সংক্রান্ত অভিযোগটি অনুসন্ধান করা হয় মর্মে দুর্নীতি দমন কমিশনের ২৪-১১-২০২২ তারিখের ৪৩২১৫ নম্বর পত্রে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ খান কর্তৃক মৌলভীবাজার জেলার হেড কোয়ার্টার-নারাইনপাশা বাজার ভায়া গোবিন্দপুর জিসি সড়ক জরুরি মেরামত (খ) কুচারমহল-দীঘিরপাড়-কাগাবালা-আথানঘীরি সড়ক জরুরী মেরামত (গ) মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার "রাজনগর-বারাগঞ্জ জিসি সড়ক ভায়া ফতেপুর সড়ক" জরুরি মেরামত (ঘ) কালিঘাট ইউপি (ভুরভুরিয়া)-কালাপুর সড়ক জরুরি মেরামত প্রকল্পের জন্য দরপত্র আহবান করা হয়;

যেহেতু, "The Public Procurement Rules, 2008" এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করে পরস্পর যোগসাজশে মূল্য প্রতিযোগিতামূলক নয় এমন পর্যায়ে রাখার উদ্দেশ্যে একই পরিবারের ০৩টি প্রতিষ্ঠানের নামীয় কাগজপত্র মৌলভীবাজার এলজিইডি অফিসে সরবরাহপূর্বক জনাব ছাদির আহমেদ, স্বত্বাধিকারী-মেসার্স তারিন এন্টারপ্রাইজ এবং খন্দকার কামাল হোসেন ও জনাব কাঞ্চন দত্ত, স্বত্বাধিকারী-মেসার্স সোমা এন্টারপ্রাইজ কোটেশন/দরপত্রে অংশগ্রহণ করেন এবং এলজিইডি, মৌলভীবাজার কার্যালয় হতে জনাব ছাদির আহমেদকে উপরোক্ত মৌলভীবাজার জেলার হেড কোয়ার্টার-নারাইনপাশা বাজার ভায়া গোবিন্দপুর জিসি সড়ক জরুরি মেরামত, খন্দকার কামাল হোসেনকে কুচারমহল-দীঘিরপাচ-কাগাবালা-আথানঘীরি সড়ক জরুরি মেরামত এবং জনাব কাঞ্চন দত্তকে কালিঘাট ইউপি ভুরভূরিয়া কালাপুর সড়ক মেরামত প্রকল্পসমূহে পরস্পর যোগসাজশের মাধ্যমে কার্যাদেশ দেয়া হয়েছে;

যেহেতু, আলোচ্য প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ০৮-০৩-২০১৮ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা আহবান করা হয় কিন্তু তার একদিন পূর্বেই ০৭-০৩-২০১৮ তারিখে দরপত্র মূল্যায়ন করা হয়। এছাড়া বিধি অনুযায়ী কোটেশনের কোটেড ইউনিট রেট ঠিকাদার পূরণ করে সীলগালা করে কোটেশনের দর দাখিল করার কথা থাকলেও দেখা যায়, বিভিন্ন কোটেশনের কোটেড রেটসহ অন্যান্য লেখাগুলো নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, মৌলভীবাজারের সাঁট মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর জনাব মোঃ বেলাল উদ্দীন এর। এক্ষেত্রে পরস্পর যোগসাজশের মাধ্যমে অবৈধ উপায়ে দর দাখিল করা হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিধি যথাযথভাবে অনুসরণ না করে মৌলভীবাজার রেস্ট হাউসের ডাইনিংরুমে নতুন এসি স্থাপন না করেই পূর্ব হতে ঠিকাদারের সাথে সখ্যতা থাকার সুবাদে এবং এতদ্‌সংক্রান্তে বিল পাওয়ার পর এসি সরবরাহ করবেন মর্মে ঠিকাদার কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতিতে আশ্বস্ত হয়ে এসি সরবরাহ ব্যতীতই সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে ১,২৯,৩৮০/- টাকার বিল পাস করা হয়;

যেহেতু, উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নে ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে বর্ণিত ঘটনায় মৌলভীবাজার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোঃ কামরুল ইসলাম ও মোঃ আব্দুর রশিদ খান, সিনিয়র সহকারী প্রকৌশলী মোঃ ইব্রাহীম মিয়া, সহকারী প্রকৌশলী মোঃ জাহাঙ্গীর হোসেন, উপজেলা প্রকৌশলী মোঃ জহির মেহেদী হাসান, উপসহকারী প্রকৌশলী মোঃ হাই বিশ্বাস ও সাঁট মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর মোঃ বেলাল উদ্দীন জড়িত ছিলেন মর্মে কমিশনের অনুসন্ধানকালে তথ্য প্রমাণ পাওয়া গেছে;

যেহেতু, "The Public Procurement Act, 2006" এবং "The Public Procurement Rules, 2008" এর সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন না করে কর্তব্য কাজে চরম গাফিলতি/অদক্ষতা ও অদূরদর্শিতার পরিচয় দিয়েছেন এবং সংশ্লিষ্ট ঘটনাবলির প্রেক্ষিতে (১) জনাব মোঃ কামরুল ইসলাম (২) জনাব মোঃ আব্দুর রশিদ খান (৩) জনাব মোঃ ইব্রাহীম মিয়া (৪) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন (৫) জনাব মোঃ জহির মেহেদী (৬) জনাব মোঃ আব্দুল হাই বিশ্বাস এবং (৭) জনাব মোঃ বেলাল উদ্দীনদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত কমিশন কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, দুর্নীতি দমন কমিশনের সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুর রশিদ খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি সাবেক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক), ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে ০৫/২০২৩ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ খান এর বিরুদ্ধে বিভাগীয় মামলার গত ১১-০৫-২০২৩ এবং ১৬-০৫-২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারগণ উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ খান এর গত ৩১-০৭-২০১৮ তারিখে নির্বাহী প্রকৌশলী মৌলভীবাজার হিসেবে যোগদানের পূর্বে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পল্লী উন্নয়ন ও কালভার্ট মেরামত কর্মসূচির ৪টি স্কীমের জরুরি মোবাইল মেইন্টেনেন্স কাজ সম্পন্ন হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, প্রোপাইটর, দি ডিফোডিলস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর বক্তব্য মতে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের রেস্ট হাউজের ডাইনিং রুমে একটি নতুন এসি সরবরাহ করেছেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশে ১,২৯,৩৮০/- (এক লক্ষ উনত্রিশ হাজার তিনশত আশি) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেন;

সেহেতু জনাব মোঃ আব্দুর রশিদ খান এর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারের বক্তব্য ও দুর্নীতি দমন কমিশনের ২৪-১১-২০২২ তারিখের ৪৩২১৫ নং পত্রের অভিযোগ এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ আব্দুর রশিদ খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি (সাবেক নির্বাহী প্রকৌশল, এলজিইডি, মৌলভীবাজার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক), ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় হতে একই বিধিমালা ৭(২)(ক) বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০/১৩ জুন ২০২৩

নং **২৩.০০.০০০০.০৬০.২৩.০০৯.২২.৩৫৫**—বাংলাদেশ নৌবাহিনীতে কর্মরত ৩৯ (উনচল্লিশ) জন নির্বাচিত প্রার্থীদের তাঁদের বীরত্বপূর্ণ ও সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালের জন্য শান্তিকালীন পদক, এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রদানে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | পি নং/ সঃ সংখ্যা | পদবি ও নাম |
|---|---|---|
| **নৌবাহিনী পদক** | | |
| ১। | ৫৩৬ | রিয়ার এডমিরাল এম মাহবুব-উল ইসলাম, বিএসপি, এনডিসি, পিএসসি |

| ক্রমিক | পি নং/ সঃ সংখ্যা | পদবি ও নাম |
|---|---|---|
| ২। | ৫৬৮ | রিয়ার এডমিরাল এম শাহজাহান, এনপিপি, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি |
| ৩। | ৬১৫ | রিয়ার এডমিরাল আবদুল্লাহ আল মামুন চৌধুরী, বিএসপি, এনডিসি, পিএসসি |
| **অসামান্য সেবা পদক** | | |
| ৪। | ১২১৮ | ক্যাপ্টেন গাজী গোলাম মোর্শেদ, (এন), পিসিজিএম, পিএসসি, বিএন |
| ৫। | ১৩৪৯ | ক্যাপ্টেন এ কে এম ইকরামুল হোসেন, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৬। | ৮৭০২৮২ | এম আনিসুর রহমান, এমসিপিও (এক্স) (পিটিআই) |
| ৭। | ২০০৯০৪৮১ | এম জুয়েল আহমেদ, চীফআরইএ |
| **বিশিষ্ট সেবা পদক** | | |
| ৮। | ৭৮৫ | ক্যাপ্টেন এম মোসায়েদ হোসেন, (ট্যাজ), বিসিজিএম, এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৯। | ১১২৩ | ক্যাপ্টেন এম জাহাঙ্গীর হোসাইন, (ট্যাজ), পিএসসি, বিএন |
| ১০। | ১১৮৪ | কমান্ডার এম আনোয়ারুল কবির, (এল), বিএন |
| ১১। | ২০৭০ | লেঃ কমান্ডার মোহাম্মদ মসিউল ইসলাম, (এনডি), বিএন |
| ১২। | ৯৩০১৬৪ | এম মাহমুদুর রহমান, এসসিপিও (এক্স) (সিডি-১) |
| **নৌ গৌরব পদক** | | |
| ১৩। | ১১৪৯ | ক্যাপ্টেন খবির উদ্দিন আহমেদ, (ই), পিএসসি, বিএন |
| ১৪। | ১২৫৫ | ক্যাপ্টেন এস এম সুমন হায়দার, (সি), পিএসসি, বিএন |
| ১৫। | ৮৯৯ | কমান্ডার এম এস মুরাদ, (সি), বিএন |
| ১৬। | ১৩২২ | কমান্ডার এম ডি কে মাহমুদ, (এনডি), পিএসসি, বিএন |
| ১৭। | ৮৯০৪৯১ | এম আব্দুর রহিম, এমসিপিও (মিউজ) |
| ১৮। | ৯০০৩৯৯ | এম গোলাম রহমান, চীফআরইএ |
| ১৯। | ২০০৯০৪৭৩ | মোহাম্মদ রাকিবুল হাসান, চীফইআরএ |
| **নৌ উৎকর্ষ পদক** | | |
| ২০। | ১০৫৯ | কমান্ডার এম সাহেদুল ইসলাম, (এস), পিএসসি, বিএন |
| ২১। | বিএ-৫৫৪৫ | কমান্ডার (লেঃ কর্ণেল) মোঃ শামীম ইফতেখার, পিবিজিএমএস, ইঞ্জিনিয়ার্স |
| ২২। | ১৪৮৮ | কমান্ডার মরিয়ম আক্তার, (ই), পিএসসি, বিএন |
| ২৩। | ১৫১৩ | কমান্ডার হায়দার জাহান খান ইমন, (এইচ-১), পিএসসি, বিএন |

| ক্রমিক | পি নং/ সঃ সংখ্যা | পদবি ও নাম |
|---|---|---|
| ২৪। | ১৬৮৫ | কমান্ডার মোঃ নুরে আলম ছিদ্দিকী, (শিক্ষা), বিএন |
| ২৫। | ২১৬১ | লেঃ কমান্ডার এম কবির উদ্দীন, (এসডি) (ট্যাজ), বিএন |
| ২৬। | ২৮০৭ | লেঃ এম মহিউদ্দিন, (এসডি) (এক্স), বিএন |
| ২৭। | ৯৭০১৬০ | এম এ রশিদ দেওয়ান, এসসিপিও (এক্স)(জিআই) |
| ২৮। | ২০০২০০৫২ | মোঃ বুলবুল আহমেদ, চীফইআরএ |
| ২৯। | ৯৮০২০৮ | মোঃ হাসানুজ্জামান, সিপিও (কুক) |
| **নৌ পারদর্শিতা পদক** | | |
| ৩০ | ১৪২৯ | কমান্ডার এম আই শরীফ, (সি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৩১ | ১৪২৭ | কমান্ডার এম রাশেদ হোসাইন, (এনডি), পিএসসি, বিএন |
| ৩২ | ১৫৭১ | কমান্ডার আবু সাদাত মাহমুদ সাফির চৌধুরী, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৩৩ | ১৭৬৬ | কমান্ডার মোহাম্মদ আকরাম উদ্দিন জাহিদ, (ট্যাজ), পিএসসি, বিএন |
| ৩৪ | ১৭৭০ | কমান্ডার মোহাম্মদ তামজিদুল আলম, (এইচ-১), পিএসসি, বিএন |
| ৩৫ | ৩০৩০ | লেঃ কমান্ডার মেহনাজ রহমান, (এল), বিএন |
| ৩৬ | ৮৮০১৭৮ | মিজি ফারুক আহমেদ, এমসিপিও (এক্স) |
| ৩৭ | ৮৮০২৫২ | মোঃ আশরাফ উদ্দিন খান, এমসিপিও (এক্স) (পিআরআই) |
| ৩৮ | ৯৩০১১২ | এম ওবায়দুল হক, এসসিপিও (এক্স)(জিআই) |
| ৩৯ | ২০০৬০৭৭৭ | এম মোর্শেদ আলম, পিও (রাইটার) |

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৪ ডিসেম্বর ২০১১ তারিখের ১খ-৩/৭৯/ডি-১/(অংশ-১০)/১৫৩০(২) সংখ্যক স্মারক অনুযায়ী উপর্যুক্ত কর্মকর্তা/নাবিকদের বর্ণিত শান্তিকালীন পদকের জন্য নিম্নোক্তহারে এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রদানে সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | পদকের নাম (প্রস্তাবিত) | এককালীন অনুদান (টাকা) | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|
| ১। | নৌবাহিনী পদক | ১,৫০,০০০/- | ২,৫০০/- |
| ২। | অসামান্য সেবা পদক | ১,২৫,০০০/- | ২,০০০/- |
| ৩। | বিশিষ্ট সেবা পদক | ১,১৫,০০০/- | ১,৮০০/- |
| ৪। | নৌ গৌরব পদক | ১,০০,০০০/- | ১,৭০০/- |
| ৫। | নৌ উৎকর্ষ পদক | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| ৬। | নৌ পারদর্শীতা পদক | ৭৫,০০০/- | ১,৫০০/- |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব।

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১৮ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭২.২২.৩৮১**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯৯৫১ ক্যাপ্টেন মোঃ আব্দুল্লাহ মারুফ, ইঞ্জিনিয়ার্স-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**শাখা ডি-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৪০.২৭.০১২.১৯.২০৯**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী পরিচালক (গ্রেড-৬) জনাব মহাঃ আছাদুর রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর আব ০১/২০১৯-এ উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ক) মোতাবেক প্রতিরক্ষা মন্ত্রণালয়ের গত ৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.০৪০.২৭.০১২.১৯. ৬৩ নম্বর প্রজ্ঞাপনমূলে প্রদত্ত "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড মওকুফের জন্য তাঁর অপিল আবেদন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় মঞ্জুর করা হয়েছে।

**গোলাম মোঃ হাসিবুল আলম**
সিনিয়র সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০/১৮ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০৮.২৩-১২৪**—যেহেতু, জনাব মোঃ এনামুল কবির (বিপি-৭১০৩০২০৮৪৮), অতিরিক্ত ডিআইজি (প্রশাসন ও অর্থ), ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ-এর বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ড, শিষ্টাচার বহির্ভূত কার্যকলাপ-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করার প্রস্তাব পাওয়া গেছে এবং তাকে জনস্বার্থে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা আবশ্যক ও সমীচীন বিবেচিত হয়েছে।

২। সেহেতু, জনাব মোঃ এনামুল কবির (বিপি-৭১০৩০২০৮৪৮), অতিরিক্ত ডিআইজি (প্রশাসন ও অর্থ), ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অদ্য ১৮-০৬-২০২৩ তারিখ হতে তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশ দেয়া হলো।

৩। সাময়িক বরখাস্তকালে তিনি রেঞ্জ ডিআইজি অফিস, সিলেটে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ, ০৮ আষাঢ় ১৪৩০/২২ জুন ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৬.১৩-২২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব হাবিবুর রহমান, জন্ম তারিখ : ০১-০১-১৯৯৪ খ্রিঃ, পিতা-আবু হানিফ আব্দুল্লাহ, মাতা-কোহিনুর বেগম, হোল্ডিং নং-১৬৮, করিমেরবাগ, কাঁচকুড়া, উত্তরখান, ওয়ার্ড নং-৪৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা-১২৩০। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ০৪ আষাঢ় ১৪৩০/১৮ জুন ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১২১.৮৬(১)-২১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ জুনাইদ আমানী, জন্ম তারিখ : ০১-০৩-১৯৯১ খ্রি., পিতা-মোঃ লুৎফর রহমান, মাতা-গুলনাহার, গ্রাম-বুড়িডহর, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-কোম্পানীগঞ্জ, উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা-সিলেট। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ০৩ নং তেলিখাল ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ আষাঢ় ১৪৩০/২২ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০৯.২০-১৩১**—জনাব নিহার রঞ্জন হাওলাদার (বিপি-৭১০১১১৬৪৪১), পুলিশ সুপার, রাজশাহী রেঞ্জ, ডিআইজি অফিস সংযুক্ত ও সাবেক বিশেষ পুলিশ সুপার, সিআইডি, ঢাকা হিসেবে কর্মকালে জনৈক বিবাহিতা মহিলা কলি শিকদারের সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়ার কারণে তার স্ত্রী জনাব মিতা সরকার কর্তৃপক্ষের নিকট একটি আবেদন দাখিল করার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে ২০১০ সালে বিভাগীয় মামলা রুজু হয়। গত ১১-১১-২০১০ তারিখে তিনি তার স্ত্রী জনাব মিতা সরকার-এর সাথে ১৫০ টাকার স্ট্যাম্পে সদাচরণের অঙ্গীকার করলে বিভাগীয় মামলাটি প্রত্যাহার করা হয়। তথাপিও তার উক্ত অঙ্গীকার ভঙ্গ করে পুনরায় পুলিশ পরিদর্শক জনাব কণিকা দাস (বিপি-৮০০৪১১৪৮৪৬)-এর সঙ্গে পরকীয়াসহ একাধিক পরকীয়া সম্পর্কে জড়িয়ে পড়া, তার ও পুলিশ পরিদর্শক জনাব কণিকা দাস উভয়ই কয়েক ঘন্টব্যাপী মোবাইল ফোনে কথোপকথন ও এসএমএস করা, তিনি তার কর্মস্থলে অবস্থানকালের ৮৪ দিনের মধ্যে অনুমতি সাপেক্ষে ১৮ (আঠার) দিন ও অননুমোদিতভাবে ৫৮ (আটান্ন) দিনসহ মোট ৭৬ (ছিয়াত্তর) দিন কর্মস্থলের বাইরে পিরোজপুর জেলার মঠবাড়িয়া থানার দক্ষিণ সোনাখালী গ্রামে নিজ বাড়িতে অবস্থান করা এবং মিথ্যা ট্যুর ডায়েরি সিআইডি সদর দপ্তরে দাখিল করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক গত ২৭-০৩-২০১৭ তারিখ তাকে কারণ দর্শানো হয়।

২। তিনি নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত বক্তব্য দাখিল করেন নি এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা না করায় সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপ হতে পারে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২) (ঘ) বিধি মোতাবেক জনাব খোন্দকার রফিকুল ইসলাম পিপিএম (বিপি-৬৮৯৫১০৮১৯৭) অতিরিক্ত ডিআইজি, সিআইডি, ঢাকা-কে অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। তদন্তকারী কর্মকর্তা জনাব খন্দকার রফিকুল ইসলাম, পিপিএম (বিপি-৬৮৯৫১০৮১৯৭), অতিরিক্ত ডিআইজি, সিআইডি, ঢাকা সরেজমিন তদন্ত শেষে গত ১০-১০-২০২১ তারিখ তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস) দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন।

৪। আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরেদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ বিধি (১)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক তাকে ২য় কারণ দর্শানো হয়। এর পরিপ্রেক্ষিতে তিনি গত ০৮-০৯-২০২২ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন।

৫। জনাব নিহার রঞ্জন হাওলাদার (বিবি-৭১০১১১৬৪৪১), পুলিশ সুপার-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর জবাব ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ না করার বিষয়ে কোনো উপযুক্ত কারণ দর্শানো সক্ষম হননি মর্মে প্রতীয়মান হয়। সার্বিক পর্যালোচনায় উক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী গুরুদন্ড হিসাবে আগামী ০৩ (তিন) বৎসরের জন্য 'নিম্নপদে অবনমিতকরণ'-এর দন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হওয়ায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (পরামর্শকরণ) রেগুরেশনস, ১৯৭৯ এর বিধি-৬ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়।

৬। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন গত ২০-০৩-২০২৩ তারিখ ৬০ নম্বর স্মারকের পত্রে অভিযুক্তের বিরুদ্ধে অসাদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী গুরুদন্ড হিসাবে আগামী ০৩ (তিন) বৎসরের জন্য 'নিম্নপদে অবনমিতকরণ'-এর দন্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে পরামর্শ প্রদান করে।

৭। জনাব নিহার রঞ্জন হাওলাদার (বিবি-৭১০১১১৬৪৪১), পুলিশ সুপার রাজশাহী রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ও সাবেক বিশেষ পুলিশ সুপার সিআইডি, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচারণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্মকমিশন প্রস্তাবিত দন্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১)(ক) বিধিমতে গুরুদন্ড হিসেবে তাকে 'নিম্নপদে অবনমিতকরণ'-এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন।

৮। জনাব নিহার রঞ্জন হাওলাদার (বিপি-৭১০১১১৬৪৪১), পুলিশ সুপার রাজশাহী রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ও সাবেক বিশেষ পুলিশ সুপার সিআইডি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ২য় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক সত্য প্রমানিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী আগামী ০৩ (তিন) বৎসরের জন্য 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদন্ড প্রদান করা হলো।

৯। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবলিম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

তারিখ : ৫ আষাঢ় ১৪৩০/১৯ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪১.২১-২৩৯**—যেহেতু, জনাব পংকজ বড়ুয়া (বিপি-৮৯১৪১৬৬২১১), অতিরিক্ত পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী ও ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার (পাহাড়তলী জোন), সিএমপি, চট্টগ্রাম হিসেবে কর্মকালে জনাব মোঃ আশিকুর রহমান (বিপি-৮৬১৪১৬৬২৩৭), প্রাক্তন সহকারী পুলিশ কমিশনার (ডবলমুরিং জোন), সিএমপি, চট্টগ্রাম গত ০২-০২-২০১৯ তারিখ হতে ০৬-০৩-২০১৯ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ কাজে জর্ডান এ অবস্থানকালীন ডবলমুরিং জোন, সিএমপি, চট্টগ্রাম এর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি সহকারী পুলিশ কমিশনার (ডবলমুরিং জোন) এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে হালিশহর থানার মামলা নং-২০/১৯ ও মামলা নং ০৪/১৯ এর তদন্ত তদারকী প্রতিবেদন দেননি। তিনি হালিশহর থানার মামলা নং-০৪/১৯ এর তদন্ত তদারকীর দায়িত্বে থাকা সত্ত্বেও উক্ত মামলার জব্দ তালিকা ও সিডি যথাযথভাবে পর্যালোচনা করে তদন্তের ভুল ত্রুটি সংশোধনের ব্যবস্থা না করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গত ২৬-০৯-২১ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪১.২১-২৩২ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে গত ২৫-১০-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২২-০৬-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোঃ আব্দুল ওয়ারীশ (বিপি-৭২০৫১১৯৭৪৭), উপ-পুলিশ কমিশনার (পশ্চিম বিভাগ), চট্টগ্রাম-কে গত ০২-১০-২০২২ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ১২-০২-২০২৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব পংকজ বড়ুয়া (বিপি-৮৯১৪১৬৬২১১), অতিরিক্ত পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, জনাব পংকজ বড়ুয়া (বিপি-৮৯১৪১৬৬২১১), অতিরিক্ত পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি, তদন্ত প্রতিবেদন এবং সার্বিক পর্যালোচনা করে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.১২.০৫৩.১৪.১০০১**—জনাব টি, এম, মোশাররফ হোসেন (বিপি-৭৮০৮১২১৫৭১) অতিরিক্ত পুলিশ সুপার (সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত)-কে জননিরাপত্তা বিভাগের ০৪-০৬-২০২৩ তারিখের: ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬২.২২.২০২ স্মারকমূলে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করায় তার ০৪-৪-২০২১ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.১২.০৫৩.১৪.২৯৮ প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত আদেশটি বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক প্রত্যাহার করা হলো।

২। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবলিম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৭ আষাঢ় ১৪৩০/২১ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮২৫**—নওগাঁ জেলার সদর মডেল থানার মামলা নং-২৯, তারিখ : ১৬-০৬-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮২৬**—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-০৬, তারিখ : ০৩-১২-২০২০ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর৬(২)(ঈ)/৮/৯ /১০/১১/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮২৭**—সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর থানার মামলা নং-০৭/২৭, তারিখ : ১০-০৩-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮২৮**—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৪২(১০)২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮২৯**—ঢাকা জেলার উত্তরখান থানার এফআইআর নং-৩০/১৪৩, তারিখ : ২৬-০৫-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৭ আষাঢ় ১৪৩০/২১ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৮৩০**—চট্টগ্রাম জেলার হাটহাজারী থানার নং-১৬, তারিখ : ১৯-০৩-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(অ)/৮/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ১২ আষাঢ় ১৪৩০/২৬ জুন ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩.৮৫৫**—ঢাকা জেলার গুলশান থানার মামলা নং-৩১(১০)২০২২-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৮৫৪**—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-১২২, তারিখ : ২৮-০৮-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৮৫৩**—নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানার মামলা নং-২৫, তারিখ : ১৫-১২-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(৩) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৮৫২**—রাজশাহী জেলার বোয়ালিয়া মডেল থানার মামলা নং-০১, তারিখ : ০১-০৯-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৮৫১**—সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ থানার মামলা নং-০১/৫৫, তারিখ : ০১-০৮-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৮৫০**—পাবনা জেলার ঈশ্বরদী থানার মামলা নং-৪৭, তারিখ : ২৯-০১-২০২২ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)/৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**এসএস-এ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ জুলাই ২০২৩

নং **এসএস-এ/১৯/২৫৫/৯৮/১৪৫**—যেহেতু, বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের ১৭তম ব্যাচের কর্মকর্তা জনাব কাজী আসিফ আহমেদ (পরিচিতি নং-০১২২)-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় (নং-০৭/২০১৬) গত ২১ জুন ২০২১ তারিখের ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৭.১৬-২৯ নং প্রজ্ঞাপনমূলে তাঁকে 'নিম্নপদে অবনমিতকরণ'-এর গুরুদণ্ড প্রদান করা হয় অর্থাৎ তাঁর মূলপদ পরিচালক (গ্রেড-৫) হতে সিনিয়র সহকারী সচিব (গ্রেড-৬) পদে ২ (দুই) বছরের জন্য অবনমিত করা হয়; এবং

যেহেতু, গত ২০ জুন ২০২৩ তারিখে জনাব কাজী আসিফ আহমেদ-এর দণ্ডের মেয়াদ সমাপ্ত হয়েছে;

সেহেতু, জনাব কাজী আসিফ আহমেদ-কে তাঁর দণ্ড সমাপ্তির প্রেক্ষিতে গত ২১ জুন ২০২৩ তারিখ হতে কার্যকারিতায় তাঁর পূর্বপদ অর্থাৎ পরিচালক/কাউন্সিলর/কনসাল (গ্রেড-৫) পুনর্বহাল করা হলো। পুনর্বহালকৃত পদে তিনি পদাবনমনের অব্যবহিত পূর্বের মূলবেতনের হিসাবে বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। তবে দণ্ডকালীন সময় কোন ইনক্রিমেন্ট-এর জন্য গণনা করা যাবে না বা এই সময়ের জন্য তিনি কোন বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.০২৭.০২.২০২৩.৩৭**—যেহেতু, জনাব বিজন বিশ্বাস (বরখাস্তকৃত), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন (সংযুক্ত: ভাষানচর ফায়ার স্টেশন ), খাগড়াছড়ি-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক অধিদপ্তরের গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০১০.২১.৪৪১(২৮) সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাকে সরকারি চাকরি হতে "বরখাস্তকরণ" এর গুরুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে জনাব বিজন বিশ্বাস (পিএন-১১০৬১), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন, খাগড়াছড়ি, সচিব মহোদয় বরাবর যথাযথ সময়ে আপীল আবেদন দাখিল করেছেন;

সেহেতু, জনাব বিজন বিশ্বাস (পিএন-১১০৬১), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন, খাগড়াছড়ি এর ব্যক্তিগত শুনানী, দাখিলকৃত জবাব পর্যালোচনায় সার্বিক বিবেচনায় আপীল আবেদন মঞ্জুরপূর্বক পূর্বে প্রদত্ত 'চাকুরী হতে বরখাস্তকরণ' গুরুদণ্ডাদেশ

বাতিলকরতঃ তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি মোতাবেক "বেতন গ্রেডের পাঁচটি নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০১০.২১.৪৪১(২৮) সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

**তারিখ : ৮ আষাঢ় ১৪৩০/২২ জুন ২০২৩**

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৪.২৩-২৪৫**—জনাব রিপন কুমার মোদক (বিপি-৮০১২১৪৭৬৬৩), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস), সুনামগঞ্জ-এর বিরুদ্ধে কর্তব্যে অবহেলা, অদক্ষতা, আপেশাদারিত্ব এবং অসদাচরণের অভিযোগের সত্যতা পাওয়া যায় এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অভিযুক্তকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে বিবেচিত হওয়ায় এতদ্বারা তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো ;

২। তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১ বিধি-৭১ মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন ; এবং

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৯ আষাঢ় ১৪৩০/০৩ জুলাই ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৫.২৩.২৫৫**—জনাব রাসেল মনির (বিপি-৮৭১৬১৭৮৩১৪) অতিরিক্ত পুলিশ সুপার, নড়িয়া সার্কেল, শরীয়তপুর-এর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) এবং সরকার কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অভিযুক্তকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে বিবেচিত হওয়ায় এতদ্বারা তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো ;

২। তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১ বিধি-৭১ মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন; এবং

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান বিপিএএ**
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১০ শ্রাবণ ১৪৩০/২৫ জুলাই ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.৭৫(১/১)-২৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ সাঈদ আব্দুল্লাহ, জন্ম তারিখ : ০১-০১-১৯৯৯ খ্রি: পিতা-কাজী আবু ওমর মোহাম্মদ ফারুক, মাতাঃ মরিয়ম খানম, গ্রামঃ পূর্ব পাড়া, ওয়ার্ড নং-০৯, ডাকঘরঃ চিরিংগা, উপজেলাঃ চকরিয়া, জেলাঃ কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ০৯ নং লক্ষ্যারচর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.৭৫(১/১)-২৬৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আবদুল্লাহ আল মাহাদী, জন্ম তারিখ : ০৬-০২-১৯৯৮ খ্রিঃ পিতা: মোহাম্মদ এনামুল হক, মাতা: রোয়াইদা খানম রুবি, গ্রামঃ ইলিশিয়া লালব্রীজ, ওয়ার্ড নং-০৯, ডাকঘরঃ মকবুলাবাদ, উপজেলাঃ চকরিয়া, জেলাঃ কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ১৩ নং পশ্চিম বড় ভেওলা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭৭.০২-২৬৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ তাফাজজুল ইসলাম, জন্ম তারিখ: ১৫-১২-১৯৭৭ খ্রি., পিতা: মোহাম্মদ আফছার উদ্দীন মাতা: মোচা: সাহাতন বেগম, গ্রাম: সমতকুড়, ওয়ার্ড নং-০৫ ডাকঘর: ভাইঘাট, উপজেলা: ধনবাড়ী, জেলা: টাঙ্গাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলার ০৫ নং ধোপাখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৯.০৫-২৬৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, জন্ম তারিখ : ০১-৩-১৯৮২ খ্রি:, পিতা: মোঃ বেলায়েত হোসেন, মাতা-মমতাজ বেগম, গ্রাম-শিমুলিয়া, ওয়ার্ড নং-০২, ডাকঘর-সোনাইমুড়ী, উপজেলা: সোনাইমুড়ী, জেলা: নোয়াখালী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার সোনাইমুড়ী পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১১ শ্রবাণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুলাই ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন ৪৫/২০২৩-৩৩৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে কুড়িগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ সেলিম মিঞা, পিতা-মোঃ রিয়াজুল ইসলাম, মাতা: মোছা: শেফালী বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/৩০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং আর-৬/৭এন ৪৯/২০২৩-৩৩৮**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা-মোঃ জুমারত আলী, মাতা-মোসাঃ মাজেদা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৫০/২০২৩-৩৩৯**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ কামরুল হাসান, পিতা-আঃ হক হাওলাদার, মাতা-মোসাঃ মাহামুদা হক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা

নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৫ জুলাই, ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন ৫১/২০২৩-৩৩৩**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব জালাল আহমেদ জুয়েল, পিতা-মোঃ চান মিয়া হাওলাদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৪ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ জুলাই, ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন ৪৩/২০২৩-৩২৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ খুরশিদ আলম, পিতা-মকলেছুর রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**[একই নম্বর স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০৩৩.২২-৩২৩**—যেহেতু, জনাব মোঃ রফিকুল আলম, উপজেলা শিক্ষা অফিসার, সাঘাটা, গাইবান্ধা ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, কাহালু, বগুড়ায় কর্মকালীন কাহালু উপজেলায় যোগদানের পর ১ম মাসিক সমন্বয় সভায় শিক্ষিকাদের ইঙ্গিত করে অসৌজন্যমূলক আচরণ, কুরুচিপূর্ণ ও অশালীন ভাষা ব্যবহার করে তাদের অপমান করা এবং শিক্ষিকাদের মোবাইলে ফোন করে বিরক্ত করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে কাহালু উপজেলায় যোগদানের পর ১ম মাসিক সমন্বয় সভায় শিক্ষিকাদের ইঙ্গিত করে কুরুচিপূর্ণ নোংরা ও অশালীন ভাষা ব্যবহার করে অপমান করার অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত কাহালু উপজেলায় যোগদানের পর ১ম মাসিক সমন্বয় সভায় শিক্ষিকাদের ইঙ্গিত করে কুরুচিপূর্ণ নোংরা ও অশালীন ভাষা ব্যবহার করে অপমান করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ রফিকুল আলম, উপজেলা শিক্ষা অফিসার, সাঘাটা, গাইবান্ধা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, কাহালু, বগুড়া)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক "বেতন বৃদ্ধি স্থগিত রাখা" দণ্ড প্রদান করা হলো। নির্দিষ্ট মেয়াদে অর্থাৎ ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য তার বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

তারিখ : ১৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০৩৮.২২-৩৩৩**—যেহেতু, জনাব মোঃ আখতারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরে কর্মকালীন ১৩-০৯-২০২২ তারিখে রংপুর সদর উপজেলার শিবের বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উপজেলা পরিষদের তত্ত্বাবধানে আয়োজিত 'মা-সমাবেশ' এর মত গুরুত্বপূর্ণ সরকারি অনুষ্ঠানে অনুপস্থিতির অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন। কিন্তু আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চাননি; এবং

যেহেতু, বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, উপজেলা শিক্ষা অফিসার হিসেবে রংপুর সদরে কর্মকালীন ১৩-০৯-২০২২ তারিখে উক্ত উপজেলার শিবের বাজার সরকারি বিদ্যালয়ে উপজেলা পরিষদের তত্ত্বাবধানে আয়োজিত 'মা-সমাবেশ' এর মত গুরুত্বপূর্ণ সরকারি অনুষ্ঠানে অনুপস্থিতির অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ আখতারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক "বেতন বৃদ্ধি স্থগিত রাখা" দণ্ড প্রদান করা হলো। নির্দিষ্ট মেয়াদে অর্থাৎ ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য তার বেতন বৃদ্ধি স্থগিত করা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শিশু শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ আষাঢ় ১৪৩০/১১ জুলাই ২০২৩

নং **৩২.০০.০০০০.০৪১.৩০.০০৫.১৪-১৭**—বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৮ এর ৬(১)(ত) ধারামতে বাংলাদেশ শিশু একাডেমির ব্যবস্থাপনা বোর্ডে নিম্নোক্ত ব্যক্তিবর্গকে সরকার কর্তৃক মনোনীত করা হলো:

**সদস্যবৃন্দ**

১. জনাব আনোয়ারা সৈয়দ হক, কথাসাহিত্যিক, ঠিকানা: আনোয়ারা সৈয়দ হক, বাড়ি-৮ সড়ক-৬, গুলশান, ঢাকা। মোবাইল: ০১৭১৫২২৮১৫২

২. জনাব মাহমুদা আক্তার, ভাইস চেয়ার, বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক এবং নির্বাহী পরিচালক (আইসিএইচডি) রূপায়ন সিটি, উত্তরা-১২, বিল্ডিং-৩, এপার্টমেন্ট-সি/১, লিফট-৭, ঢাকা। মোবাইল: ০১৭৫৫৫৯২৩৭

৩. ড. বিশ্বজিৎ ঘোষ, প্রাবন্ধিক, ফেলো, বাংলা একাডেমি এবং প্রাক্তন উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, ঠিকানা: বাড়ি-২১, সড়ক-৭, ফ্ল্যাট-সি-১২, ধানমন্ডি, ঢাকা-১২০৯। মোবাইল: ০১৩১২০০৬০৭১, ০১৫৫৭২৫৮২০৫

৪. ড. হায়াৎ মামুদ, শিক্ষাবিদ, অধ্যাপক বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বর্তমানে অবসরপ্রাপ্ত) ঠিকানা: ১০২/এ, দীননাথ সেন রোড, গেণ্ডারিয়া, ঢাকা। মোবাইল: ০১৯২৪৭১২০৯৩

২। সরকার কর্তৃক মনোনীত সদস্যগণ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩(তিন) বছরের জন্য স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন।

৩। সরকার কর্তৃক মনোনীত সদস্যগণের স্বীয় পদ থেকে অব্যাহতি, পদত্যাগ ইত্যাদি বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৮ অনুযায়ী পরিচালিত হইবে।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ সালমা আকতার**
সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ শ্রাবণ, ১৪৩০ বগাব্দ/২৪ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

নং **৪৭.০০.০০০০.০৩১.১৯.১৯২.১৮-৭৯৭**—যেহেতু, জনাব মোঃ আঃ মালেক, প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিরুদ্ধে বরিশাল বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নেগোশিয়াবল ইনস্টুমেন্ট অ্যাক্ট ১৮৮১ এর ১৩৮ ধারায় মামলা নং ৮৩৪/২০২০ দাখিল করা হয়। উক্ত মামলায় গত ১৫-০৩-২০২২ খ্রি. তারিখে তাকে গ্রেপ্তার করা হয়। পরের দিন ১৬-০৩-২০২২ খ্রি. তারিখে ঢাকা বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত হতে তিনি জামিনে মুক্ত হন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে জনৈক আব্দুল জব্বার ১৬-০৩-২০২২ খ্রি. তারিখে সচিব বরাবর অভিযোগ সম্বলিত একটি আবেদন দাখিল করেন। এবিষয়ে তাকে গত ২৪-০৩-২০২২ইং তারিখে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর জবাবে তিনি স্বীকার করেছেন যে, তিনি ১৫-০৩-২০২২ইং তারিখে গ্রেপ্তার হয়েছিলেন এবং ১৬-০৩-২০২২ খ্রি. তারিখে জামিনে মুক্ত হয়েছেন। তিনি পূর্বে এবিষয়ে কর্তৃপক্ষকে

কোনরূপ অবহিত করেননি। এপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত অভিযোগে রুজুকৃত ০১/২০২২ নং বিভাগীয় মামলায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ০৩-১১-২০২২ খ্রি. তারিখে ১০৯৭ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়েছে; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আঃ মালেক গত ২২-১২-২০২২ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিল করেন লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলা তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয় এবং তদন্ত কর্মকর্তা গত ২৫-০১-২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন জনাব মোঃ আঃ মালেক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত অভিযোগের বিষয়ে "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তাকে তার বিরুদ্ধে "অসদাচরণ"-এ দোষী সাব্যস্ত করে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৭(৯) মোতাবেক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১২ জুন, ২০২৩ তারিখে ৬৪৯ নং স্মারকে তাকে এবিষয়ে কারণ দর্শানো নির্দেশ প্রদান করা হয়; এবং

৪। যেহেতু, জনাব মোঃ আঃ মালেক গত ২৫ জুন ২০২৩ খ্রি. তারিখে লিখিতভাবে ২য় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাব তিনি অসংলগ্নভাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগটি এড়িয়ে তদন্ত কর্মকর্তার বিরুদ্ধে আক্রমণাত্মক কুরুচিপূর্ণ এবং ঔদ্ধত্যপূর্ণ কিছু বক্তব্য দিয়ে তার ২য় কারণ দর্শানোর জবাব দেন। অভিযোগের গুরুত্ব ও তদন্ত প্রতিবেদনের প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে তাকে ০২(দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৫। সেহেতু, জনাব মোঃ আঃ মালেক, প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে তাকে ০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদকালে তিনি জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী ১০ম গ্রেডের বেতন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- এর ১৬০০০/-টাকার ধাপে বেতন প্রাপ্য হবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। একইসাথে অন্য কোনো মামলা না থাকলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের গত ২৮ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহাদাৎ হোসাইন**
অতিরিক্ত সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ শ্রাবণ ১৪৩০ ব:/০২ আগস্ট ২০২৩ খ্রি:

নং **৩০.০০.০০০০.০১৪.২৪.০০১.২০২০-২৬১**—জনস্বার্থে Biman Bangladesh Airlines Ltd. এর Boeing 777-300ER এবং Boeing 787-8/9 aircraft এর Istanbul, Turkey বিমানবন্দরে Line Maintenace করার নিমিত্ত Turkish Airlines Technic INC এর অনুকূলে ০২ আগস্ট ২০২৩ হতে ০১ অক্টোবর ২০২৩ পর্যন্ত ০২ (দুই) মাসের জন্য বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR 1984, Rule-190, Sub-rule (4) & (5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০/১১ জুলাই ২০২৩

**নং ০৫.০০.০০০০.১৭০.২২.০০৬.২২-১৫৩**—Rules of Business, 1996 এর Rule 4 (ix) (a) এ প্রদত্ত অনুবলে, সরকার, সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে দৃষ্টি প্রতিবন্ধী, আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখিতে সক্ষম নহেন এমন পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষায় সহযোগী হিসাবে শ্রুতিলেখক নিয়োগ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এ নীতিমালা শ্রুতিলেখক নিয়োগ নীতিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই নীতিমালায়,—

(ক) "শ্রুতিলেখক" অর্থ এমন একজন ব্যক্তিকে বুঝাইবে যিনি দৃষ্টি প্রতিবন্ধী, আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখিতে সক্ষম নহেন এমন পরীক্ষার্থীদের প্রদত্ত বক্তব্য শ্রবণ করিয়া উত্তরপত্রে অবিকল বা হুবহু লিখিবেন; এবং

(খ) "নিয়োগ কমিটি" অর্থ নিয়োগের উদ্দেশ্যে গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটি।

৩। **শ্রুতিলেখক নিয়োগ প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্য**।—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ১৬ এর উপ-ধারা (১) এর দফা (ঝ) ও (ড) অনুযায়ী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মে নিযুক্তি এবং শিক্ষা ও কর্মক্ষেত্রসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তির প্রয়োজনীয় সাচ্ছন্দ্যের জন্য উপযোগী পরিবেশ ও ন্যায্য সুযোগ সুবিধা (reasonable accommodation) প্রাপ্তি নিশ্চিত করা।

৪। **নীতিমালার কার্যপরিধি**।—(১) এই নীতিমালা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে নিয়োগকারী কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য হইবে;

(২) এই নীতিমালা ব্যতিরেকে অন্য কোনো নির্দেশনা কিংবা এ নীতিমালার খণ্ডিত বা পরিবর্তিত নির্দেশনা ইচ্ছামত কোনো কর্তৃপক্ষ কোনো প্রতিবন্ধী পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রয়োগ করিতে পারিবেনা।

৫। **শ্রুতিলেখকের যোগ্যতা**।—নিয়োগ পরীক্ষার ক্ষেত্রে শ্রুতিলেখক হইবেন তফসিলে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি এবং শ্রুতিলেখক নির্ধারণের ক্ষেত্রে স্পষ্ট ও প্রমিত উচ্চারণ, বোধগম্য হস্তাক্ষর, শুদ্ধ বানান এবং দ্রুত লেখার পারদর্শিতা বিবেচনা করা যাইতে পারে।

৬। **শ্রুতিলেখকের দায়িত্ব**।—(১) একজন শ্রুতিলেখক পরীক্ষা চলাকালীন সময়ে নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেন; যথা:—

(ক) প্রতিবন্ধী পরীক্ষার্থীকে প্রাপ্ত প্রশ্ন নির্ভুলভাবে পড়িয়া শুনাইবেন;

(খ) প্রতিবন্ধী পরীক্ষার্থীর পক্ষে প্রদেয় উত্তর অবিকল বা হুবহু ও সঠিকভাবে লিখিবেন;

(গ) উত্তরপত্রে পরীক্ষার্থী কর্তৃক পূরণীয় তথ্য (রোল নম্বর/রেজিস্ট্রেশন নম্বর/প্রযোজ্য ক্ষেত্রে নাম ইত্যাদি) প্রতিবন্ধী পরীক্ষার্থীর পক্ষে নির্ভুলভাবে পূরণ করিবেন;

(ঘ) শ্রুতিলেখক দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে চিত্রসম্বলিত প্রশ্ন যথাযথভাবে ব্যাখ্যা করিবেন।

(২) পরীক্ষা কেন্দ্রের সমস্ত নিয়ম-কানুন শ্রুতিলেখক মানিয়া চলিবেন।

৭। **শ্রুতিলেখকের নিয়োগ বা মনোনয়ন পদ্ধতি**।—(১) নিয়োগ কমিটি শ্রুতিলেখক সরবরাহ করিবেন:

তবে শর্ত থাকে যে, নিয়োগ কমিটি ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবশ্যই আন্তরিক হইয়া এই নীতিমালার অনুচ্ছেদ ২ অনুসরণ করিয়া যোগ্য ও দক্ষ শ্রুতিলেখক মনোনয়নের নিশ্চয়তা বিধান করিতে হইবে।

(২) দৃষ্টি প্রতিবন্ধী, আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখতে সক্ষম নহেন এমন পরীক্ষার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তির পরপরই শ্রুতিলেখক নিয়োগের জন্য নিয়োগ কমিটির সভাপতির নিকট আবেদন করিবেন।

(৩) শ্রুতিলেখক নিয়োগের আবেদন প্রাপ্তির পর আবেদনকারীর সংখ্যার উপর ভিত্তি করিয়া নিয়োগ কমিটি শ্রুতিলেখক হিসেবে সহায়তা করিবার জন্য প্রয়োজনীয় সংখ্যক স্কাউট/গালস গাইড/বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর সদস্য মনোনয়ন প্রদানের জন্য নির্বাহী পরিচালক/ক্ষেত্র মতে উপযুক্ত কর্তৃপক্ষ, বাংলাদেশ স্কাউট/গালস গাইড/বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর এর প্রধান/স্থানীয় কার্যালয়ে অথবা পরীক্ষা কেন্দ্রের প্রধানকে অনুরোধ করিয়া পত্র প্রেরণ করিবেন।

(৪) নিয়োগ কমিটি বাংলাদেশ স্কাউটস/গালস গাইড/বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর এর উপযুক্ত কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিয়া শ্রুতিলেখক মনোনয়নের বিষয়টি নিশ্চিত করিবেন।

(৫) নিয়োগ কমিটির নিকট হতে শ্রুতিলেখক মনোনয়ন প্রদানের অনুরোধ প্রাপ্তির পর বাংলাদেশ স্কাউটস/গালস গাইড/বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান প্রধান শ্রুতিলেখকের জন্য নির্ধারিত যোগ্যতা যাচাইপূর্বক প্রয়োজনীয় সংখ্যক শ্রুতিলেখক মনোনয়ন প্রদান করিবেন।

৮। **শ্রুতিলেখকের সংখ্যা**।—নিয়োগ কমিটি দৃষ্টি প্রতিবন্ধী, আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখিতে সক্ষম নহেন এমন প্রতি পরীক্ষার্থীর জন্য ২ (দুই) জন শ্রুতিলেখকের ব্যবস্থা করিবে যাহাতে কোনো কারণে একজন শ্রুতিলেখক অসুস্থ হইলে বা অন্য কোনো কারণে উপস্থিত হইতে সক্ষম না হইলে অপর ব্যক্তি শ্রুতিলেখকের দায়িত্ব পালন করিতে পারেন।

৯। **অতিরিক্ত সময় প্রাপ্তি**।—(১) শ্রুতিলেখকের সাহায্য নিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী পরীক্ষার মোট সময়ের এক-চতুর্থাংশ অতিরিক্ত সময় পাইবেন। অর্থাৎ, প্রতি ঘন্টা পরীক্ষার সময়ের বিপরীতে ১৫ (পনেরো) মিনিট অতিরিক্ত সময় পাইবেন। এক ঘন্টার কম সময় ব্যাপী পরীক্ষার জন্য অতিরিক্ত সময় হইবে আনুপাতিক হারে। তবে পরীক্ষার ব্যাপ্তি যতই সংক্ষিপ্ততর হোক না কেন, অতিরিক্ত সময়ের ন্যূনতম ৫ (পাঁচ) মিনিটের কম হইবে না।

(২) দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী ব্যতীত আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে কোনো পরীক্ষার্থীর শ্রুতিলেখকের প্রয়োজন হইলে সেই ক্ষেত্রে পরীক্ষার্থীগণ প্রতি ঘন্টা পরীক্ষা সময়ের বিপরীতে ১০ (দশ) মিনিট অতিরিক্ত সময় প্রাপ্ত হইবেন। এক ঘন্টার কম সময় ব্যাপী পরীক্ষার জন্য অতিরিক্ত সময় হইবে আনুপাতিক হারে, তবে পরীক্ষার ব্যাপ্তি যতই সংক্ষিপ্ততর হোক না কেন, অতিরিক্ত সময়ের ন্যূনতম সীমা ৫ (পাঁচ) মিনিটের কম হইবে না।

১০। **সহায়ক উপকরণ সংগে নেয়া**।—(১) যে সকল পরীক্ষায় সাধারণভাবে ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর, জ্যামিতি বক্স বা অনুরূপ সরঞ্জাম ব্যবহারের অনুমতি থাকে, সেই সকল পরীক্ষায় শ্রুতিলেখক পরীক্ষার্থীর নির্দেশ অনুযায়ী উক্ত সরঞ্জাম ব্যবহার করিতে পারিবেন।

(২) প্রতিবন্ধী পরীক্ষার্থী তাহার উপযোগী সরঞ্জাম যেমন, টকিং ক্যালকুলেটর, ব্রেইল স্লেট, টেইলর ফ্রেম, জীওমেট্রি ম্যাট, হুইল চেয়ার, ব্রেইল স্কেল অ্যাবাকাস ইত্যাদি ব্যবহার করিতে পারিবেন।

১১। **কেন্দ্র পরীক্ষকের দায়িত্ব**।—কেন্দ্র পরীক্ষকবৃন্দ উক্ত কেন্দ্রে কোনো প্রতিবন্ধী পরীক্ষার্থী পরীক্ষা দিলে, তাহার জন্য—

(ক) পৃথক কক্ষের ব্যবস্থা করিবেন;

(খ) প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী উপযোগী টেবিল-চেয়ারের ব্যবস্থা করিবেন;

(গ) অনুচ্ছেদ ৯ অনুযায়ী অতিরিক্ত সময় প্রদান করিবেন; এবং

(ঘ) বিষয়টি আন্তরিকতার সহিত দেখিবেন।

১২। **পরীক্ষার্থীর প্রমাণক**।—(১) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩১ অনুযায়ী সমাজসেবা অধিদফতর কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) প্রতিবন্ধীতার পরিচায়ক হিসাবে বিবেচিত হইবে।

(২) দৃষ্টি প্রতিবন্ধী নয় কিন্তু আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখিতে সক্ষম নহেন এইরূপ পরীক্ষার্থী শ্রুতিলেখক লইয়া পরীক্ষা দিতে চাহিলে সেইক্ষেত্রে সিভিল সার্জন বা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার নিকট হইতে প্রত্যয়ন আনিবেন যে, পরীক্ষার্থী দুর্ঘটনাজনিত কিংবা স্থায়ী প্রতিবন্ধিতার কারণে স্বহস্তে লিখিতে সক্ষম নহেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ ইহা পর্যালোচনা করিয়া চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৩। **শ্রুতিলেখকের সম্মানী বা পারিতোষিক।**—নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষার জন্য নিয়োগকৃত শ্রুতিলেখকদেরকে সম্মানী বা পারিতোষিক প্রদান করিতে পারিবে। সম্মানী বা পারিতোষিক প্রদানের নিমিত্ত নিয়োগ পরীক্ষার জন্য প্রস্তুতকৃত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখিবে।

১৪। **নীতিমালা সংশোধন, পরিমার্জন বা অস্পষ্টতা দূরীকরণ।**—এই নীতিমালা বাস্তবায়নে কোন অসুবিধা দেখা দিলে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনে নির্দেশনা জারি করিতে পারিবে।

**তফসিল**
**[নীতি ৫ দ্রষ্টব্য]**

| ক্র: নং | নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা | শ্রুতিলেখকের সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | এস. এস. সি. বা সমমান | জে. এস. সি. বা সমমান |
| ২। | এইচ. এস. সি. বা সমমান | এস. এস. সি. বা সমমান |
| ৩। | স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি | এইচ. এস. সি. বা সমমান |

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ০৩ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২৩ খ্রি.

নং **আর-৬/৭এন-৩৬/২০২৩-৩২২**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ জেবরুল হাসান, পিতা-মোঃ আরশেদ আলী বিশ্বাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব। (রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩০/১৯ জুলাই ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০২১.৯৮(১/১)-২৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, জন্ম তারিখ: ২১-০৬-২০০১ খ্রি., পিতা-মোঃ ফজলুর রহমান, মাতা-নাসিমা, গ্রাম-টাঙ্গন, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-হাটরা, উপজেলা-মোহনপুর, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার মোহনপুর উপজেলার ৩ নং রায়ঘাটি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭৯.১৩(১)-২৫৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ জাকির হোসেন, জন্ম তারিখ: ২৮-১০-১৯৮১ খ্রি., পিতা-মোহাম্মদ আনোয়ার হোসেন, মাতা-জেলেখা বেগম, হোল্ডিং নং-১৭২৭৮, মহল্লা-জুম্মাপাড়া, ওয়ার্ড নং-২৩, ডাকঘর-রংপুর সদর, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের, ২৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০/৩০ জুলাই ২০২৩

নং **বিচার-৭/২এন-৫২/২০১২-২৭০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আদিল হোসেন ভূঁইয়া আসিফ, জন্ম তারিখ: ০১-০১-১৯৯৫ খ্রিঃ, পিতা-মোঃ আকবর হোসেন ভূঁইয়া, মাতা-রহিমা বেগম, মহল্লা-কাজীপাড়া, ডাকঘর-রাজাপাড়া, উপজেলা-কুমিল্লা সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশন, ২০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুরাদ জাহান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০/১৩ জুলাই ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০১১.১৩-২৩৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩(১) অনুযায়ী জনাব প্রদীপ চক্রবর্তী, প্রাক্তন অধ্যাপক, রসায়ন বিভাগ, চট্টগ্রাম সরকারি কলেজ, চট্টগ্রাম-কে চট্টগ্রাম বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি-এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০/১২ জুলাই ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৩.২০২৩-২৩৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী প্রফেসর ড. মোঃ মাহমুদ আলম, ম্যাথমেটিক্স ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-কে খুলনা খান বাহাদুর আহ্ছানউল্লা ইউনিভার্সিটি-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০/১৩ জুলাই ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০১১.১৩-২৩৮**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩(১) অনুযায়ী প্রফেসর ডাঃ শামীমা হক চৌধুরী, প্রাক্তন ট্রেজারার, ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া-কে ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া-এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩০/২৪ জুলাই ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৯.২০০৭(অংশ-১)-২৫৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী প্রফেসর ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-কে

গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) প্রো-ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০/২৫ জুলাই ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৪.১৩-২৫৯**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী অধ্যাপক ড. ফরিদুল আলম, প্রাক্তন ভাইস-চ্যান্সেলর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস, ঢাকা-কে উক্ত ইউনিভার্সিটি-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১২.২০০৪-২৬০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩(১) অনুযায়ী জনাব মোহাম্মদ আব্দুল মোকাদ্দেম, প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-কে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. শ্রীকান্ত কুমার চন্দ**
যুগ্মসচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
### শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩০/২৩ জুলাই ২০২৩

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৩.১৯৯.১৯-২৯৭**—১৯৬৮ খ্রি: সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | জমিদার বাড়ি<br>**'ব্রজ নিকেতন'**<br>উপজেলা/থানা : নবাবগঞ্জ<br>জেলা : ঢাকা | হযরতপুর | সি,এস<br>১৩২<br>২৭<br>২৪<br>এস,এ<br>০৬<br>০৪<br>৫৬<br>আর,এস<br>৭৬ | সি,এস<br>২৭<br>২৮<br>২৯<br>এস,এ<br>২৯<br>২৮<br>২৭<br>আর,এস<br>৩৩<br>৩৪<br>৩৫ | সি,এস<br>০.৪২<br>০.৪২<br>০.৭১<br>এস,এ<br>০.৭১<br>০.৪২<br>০.৪২<br>আর,এস<br>০.৪২<br>০.৪২<br>০.৭১ | পূর্ব : খন্দকার আবুল হাসেম গং<br>পশ্চিম : সরকারী রাস্তা<br>উত্তর : তাপস গং<br>দক্ষিণ : রাস্তা | সি. এস মালিক<br>কৃষ্ণ গোপ<br>পিতা-মৃত গৌরসুন্দরগোপ<br>সুদর্শন চন্দ্র সাহামানীক চন্দ্র সাহা<br>পিতা-মৃত ব্রজ মোহন সাহা<br>সাং-নিজ<br>এস.এ মালিক মালিক<br>অরন্য কুমার রায়,<br>কানাইলাল রায়,<br>হরিভূষন রায়,<br>সর্ব পিতা-সুদর্শন রায়,<br>মধুসুদন রায়,<br>পিতা-মানিক চন্দ্র রায়, সাং-নিজ। | হ্যাঁ | এই ছকে বর্ণিত অর্পিত সম্পত্তি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্পিত সম্পত্তি তালিকাভুক্ত। নবাবগঞ্জ হযরতপুর মৌজার অর্পিত সম্পত্তির কেস নং-১০০৯/৬৭ ও ৪৬৬/৭৯ এর আওতাধীন এস এ-০৬, ০৪, ৫৬, খতিয়ানের এস এ-২৭, ২৮, ২৯ নং দাগে (০.৭১+০.৪২+০.৪২)=১.৫৫ একর অর্পিত সম্পত্তি হিসাবে গেজেটভুক্ত। এই ঐতিহাসিক স্থাপনা বিশিষ্ট জমিদার বাড়ি ব্রজ নিকেতন সরকারের পূর্ণ দখল ও নিয়ন্ত্রণে রয়েছে যা প্রত্নতত্ত্ব স্থাপনা সংরক্ষিত |

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | আর.এস মালিক, ভানুমতি রায়, স্বামী-অরন্য কুমার রায়, শঙ্কররানী রায়, স্বামী-হরিভূষনরায়, কিরন শঙ্কর, কামিনী শঙ্কর, নারায়ন চন্দ্র রায়, নির্মল চন্দ্র রায়, পিতা-কানাইলাল রায়, মধুসুদন রায়, পিতা-মানিক রায়, সাং-নিজ। | | পুরাকীর্তি হিসাবে ঘোষণা করা যেতে পারে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাজীব কুমার সরকার**
উপসচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩০/২০ জুলাই ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৩.২১-২৮৪**—যেহেতু, জনাব এস এম শামীম (বিপি-৮৪১৪১৬৬২৮৬), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (স্পেশাল এ্যাকশন গ্রুপ), ডিএমপি, ঢাকা ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন), ডিএমপি, ঢাকায় কর্মকালে রমনা মডেল থানার মামলা নং-০২/২০২০ ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ ধারা ২১/২৫(১)(খ)/৩১/৩৫ রুজুর পর তাকে তদন্ত তদারকি কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি ০৭-০৫-২০২০ তারিখ মামলাটির তদন্ত তদারকি প্রতিবেদন ইস্যু করেন। কিন্তু মামলার গুরুত্ব অনুসারে তদারকি প্রতিবেদনে যে সকল বিষয় উল্লেখ থাকা প্রয়োজন ছিল তা উল্লেখ করেননি। তিনি মামলা তদন্তকারী কর্মকর্তাকে জব্দকৃত মালামাল সংশ্লিষ্ট ইউনিটে প্রেরণ ও সাইবার ক্রাইম ইউনিটের সহায়তা নেয়ার নির্দেশনা দেননি। এছাড়া মামলার ডকেট পর্যালোচনায় দেখা যায় যে, তদারকি প্রতিবেদন, আসামী গ্রেফতার, আসামী চালান, বিভিন্ন আবেদন, জব্দকৃত আলামত ও ফরেনসিক পরীক্ষার জন্য সিআইডিতে প্রেরণের বিষয়টি সিডিএমএস এ লিপিবদ্ধ হয়নি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক মামলাটি যথাযথভাবে তদারকি করেননি। তিনি মামলা তদারকির জন্য আদেশ প্রাপ্ত হওয়া সত্ত্বেও যথাযথভাবে তদারকি না করায় তদন্ত কর্মকর্তা গতানুগতিক তদন্ত প্রতিবেদন ও এম/ই দাখিলের সুযোগ পেয়েছেন এবং অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হলেও মামলা তদারকির বিষয়টি সিডিতে প্রতিফলিত না হওয়াসহ উপরোক্ত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ১৭-০৮-২০২১ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৩.২০২১-১৯৬ নম্বর স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ০৭-০৯-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ২২-০৬-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানো জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব রিফাত রহমান শামীম, পিপিএম (বিপি-৭৩০৫১০০৯৯৯), উপ-পুলিশ কমিশনার (ডিবি মতিঝিল বিভাগ) ডিএমপি, ঢাকা-কে গত ০২-১০-২০২২ তারিখ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ১২-০১-২০২৩ তারিখের তার তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব এস এম শামীম (বিপি-৮৪১৪১৬৬২৮৬), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার সিটি স্পেশাল এ্যাকশন গ্রুপ বিভাগ, ডিএমপি, ঢাকার ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার, রমনা জোন, রমনা বিভাগ, ডিএমপি, ঢাকার বিরুদ্ধে পিআরবি ও অন্যান্য আইন মোতাবেক রমনা মডেল থানার মামলা নং-০২ তারিখ-০৫-৫-২০২০, ধারা-২০১৮ সালের ডিজিটাল নিরাপত্তা আইনের-২১/২৫(১)(খ)/৩১/৩৫ সংক্রান্তে সুপারভিশন নোট প্রেরণ ও তদন্তকারী অফিসারদেরকে যথাসময়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানে অবহেলামূলক কার্যক্রম সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

সেহেতু, জনাব এস এম শামীম (বিপি-৮৪১৪১৬৬২৮৬), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (স্পেশাল এ্যাকশন গ্রুপ), ডিএমপি, ঢাকা-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতবেক "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০১ (এক) বছরের জন্য "১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ
সিনিয়র সচিব।

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০/২৫ জুলাই ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৬৬**—আগামী ৩০ জুলাই ২০২৩ তারিখে একাদশ জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ নির্বাচনি এলাকায় শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ বিভাগের রাজনৈতিক শাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৮(অংশ-১)-২৫২, তাং-১৯-০৭-২০২৩ খ্রি. মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৫ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত The Arms Act, 1878 (Act XI of 1878)-এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল :

"২৯ জুলাই ২০২৩ তারিখ হতে ০১ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত যাতে অস্ত্রের লাইসেন্সধারীগণ অস্ত্রসহ চলাচল না করেন সেজন্য সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট প্রয়োজনীয় নির্দেশনা জারি করবেন। এক্ষেত্রে The Arms Act, 1878 যথাযথভাবে অনুসরণ করতে হবে।"

২। এ আদেশ লংঘনকারীর বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহে এলিদ মাইনুল আমিন**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ : ২২ আষাঢ় ১৪৩০/০৬ জুলাই ২০২৩**

**নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০২০.২১-৬৪৭**—যেহেতু, জনাব বীর আমীর হামজা (পরিচিতি নং-১৭৮৮১), প্রাক্তন সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বর্তমানে সাময়িক বরখাস্তকৃত-এর বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের বিনানুমতিতে বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্ত হয়ে নির্ধারিত সময়ের মধ্যে লিখিত বক্তব্য দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য ইচ্ছা পোষণ করেন; সে পরিপ্রেক্ষিতে ২৭-০২-২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন; তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা জনাব বীর আমীর হামজা (১৭৮৮১)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী আনীত "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়নি। তবে যথাযথ কর্তৃপক্ষের বিনানুমতিতে বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আইনসংগত কারণ ব্যতিরেকে সরকারের আদেশ, পরিপত্র এবং নির্দেশ অবজ্ঞাকরণের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমানিত হয়েছে; এবং

০২। যেহেতু, নথি, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব বীর আমীর হামজা (১৭৮৮১)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়েছে তাই সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তিনি শাস্তি পাওয়ার যোগ্য;

০৩। সেহেতু, জনাব বীর আমীর হামজা (পরিচিতি নং-১৭৮৮১), প্রাক্তন সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বর্তমানে সাময়িক বরখাস্তকৃত-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার "পরবর্তী বেতন বৃদ্ধির প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০২(দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদণ্ড প্রদান করা হলো এবং ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর জন্য কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ আষাঢ় ১৪৩০/০৬ জুলাই ২০২৩

**নং-০৫.০০.০০০০.১৮০.২৭.০০৩.২১-২৪**—যেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান (পরিচিতি নং-১৫০৫২), প্রাক্তন কাউন্সেলর (উপসচিব), বাংলাদেশ দূতাবাস রিয়াদ, সৌদি আরব বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব, সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে দূতাবাসের সেইফহোমে আশ্রিত কতিপয় গৃহকর্মীকে যৌন নির্যাতনের অভিযোগ সংশ্লিষ্ট দূতাবাস কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক জনাব মোঃ মেহেদী হাসানকে বাংলাদেশ দূতাবাস, রিয়াদ শ্রম কল্যাণ উইং হতে প্রত্যাহারের আদেশ জারি করা হয় এবং তৎপ্রেক্ষিতে রিয়াদ শ্রম কল্যাণ উইং হতে ২৪ জানুয়ারি ২০২১ তারিখে তাঁকে অবমুক্ত করা হয়; উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৩৬ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৫/২০২১ নম্বর বিভাগীয় মামলায় ১০ মার্চ ২০২১ তারিখের ৫০ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৮ এপ্রিল ২০২১ তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ১৫ জুন ২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানির জন্য ধার্য করা হয়; ব্যক্তিগত শুনানিতে তাঁর দাখিলকৃত জবাব ও প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত

অভিযোগসমূহ তদন্ত করার জন্য ২০ জুন ২০২১ তারিখের ৮৮ নম্বর স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তে জনাব মেহেদী হাসানের বিরুদ্ধে দূতাবাসের সেইফহোমে আশ্রিত কতিপয় গৃহকর্মীকে অপ্রয়োজনীয় একান্ত সাক্ষাৎকারের নামে অশ্লীল প্রশ্ন ও আচরণসহ বিভিন্নভাবে হেনস্থা করা এবং যৌন নির্যাতন (ধর্ষণ) করার অভিযোগ প্রমাণিত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা ২০ ডিসেম্বর ২০২২ তারিখের ২৯১১ নম্বর স্মারকে জনাব মোঃ মেহেদী হাসান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় ও একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি ২০২৩ তারিখের ০৩ নম্বর স্মারকে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং নোটিশে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত বা বিধিমালায় বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

৪। যেহেতু, অভিযুক্তি কর্মকর্তা ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন; জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত এবং তদন্তে প্রমাণিত অভিযোগের বিপরীতে কোনো সন্তোষজনক বক্তব্য প্রদান করতে সক্ষম হননি; দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' নামীয় গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব মোঃ মেহেদী হাসান-কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে সহমত পোষণ করে; এবং

০৫। যেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান (পরিচিতি নম্বর-১৫০৫২)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' নামীয় গুরুদণ্ড প্রদানের বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

০৬। সেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান (পরিচিতি নম্বর-১৫০৫২), প্রাক্তন কাউন্সেলর (উপসচিব), বাংলাদেশ দূতাবাস রিয়াদ, সৌদি আরব বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব, সাময়িক বরখাস্তকৃত) জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ড হিসাবে তাঁকে 'চাকরি হতে বরখাস্ত' করা হলো।

০৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩০/১২ জুলাই ২০২৩

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬.২২-১৯৯**—যেহেতু, জনাব মোঃ এরশাদ উদ্দিন (পরিচিতি নং-১৭৩৯৮), উপ-পরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ঢাকা-এর বিরুদ্ধে তার স্ত্রী-কে শারীরিক ও মানসিক অত্যাচার ও বিভিন্ন মহিলার সাথে অনৈতিক সম্পর্ক স্থাপনের অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ'-এর অভিযোগে ২৪ জুলাই ২০২২ তারিখে ০১৫/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়; এবং

০২। যেহেতু, তিনি ২৮ জুলাই ২০২২ তারিখে অভিযোগের জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি চান এবং সে মোতাবেক ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং যেহেতু শুনানিঅন্তে অভিযোগের বিষয়ে অধিকতর তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ২৯ মার্চ ২০২৩ তারিখে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ এরশাদ উদ্দিন (পরিচিতি নং-১৭৩৯৮)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন; এবং

৪। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

৫। সেহেতু, জনাব মো: এরশাদ উদ্দিন (পরিচিতি নং-১৭৩৯৮), উপ-পরিচালক, জাতীয় মুক্তিযুদ্ধ কাউন্সিল, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক তাকে আগামী ২(দুই) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ ৬ষ্ঠ গ্রেডের ৩৫৫০০-৬৭০১০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ৩৫৫০০ টাকা মূল বেতনে অবনমিতকর-সূচক 'লঘুদণ্ড' প্রদান করা হলো; দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৩৫৫০-৬৭০১০/ টাকা বেতন স্কেলের (৬ষ্ঠ গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন, তবে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ আষাঢ় ১৪৩০/১১ জুলাই ২০২৩

**নং ০৫.০০.০০০০.১৮০.২৭.০০৮.২২-২৭**—যেহেতু, জনাব মোহাম্মদ সাঈদ আলী (পরিচিতি নং-৮০১৩), প্রাক্তন বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনা বর্তমানে উপসচিব, বাণিজ্য

মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সামাজিক বন বিভাগ, পাবনা-এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের অর্থ আত্মসাতের ঘটনায় তদারকি কাজে অবহেলার অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে শুনানি অনুষ্ঠিত হয় এবং তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত উভয় পক্ষের বক্তব্য বিবেচনায় মামলার অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১১ জুন ২০২৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ সাঈদ আলী (পরিচিতি নং-৮০১৩)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি অনুযায়ী তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৫। সেহেতু, জনাব মোহাম্মদ সাঈদ আলী (পরিচিতি নং-৮০১৩), প্রাক্তন বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনা বর্তমানে উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩০/১২ জুলাই ২০২৩

**নং-১০.০০.০০০০.১৩১.১১.০৯৯.৭৭-২৫১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ হাফিজুর রহমান জন্ম তারিখ: ২৫-১১-১৯৯০ খ্রি. পিতা-মোঃ মোসলেম উদ্দিন মাতা-আম্বিয়া খাতুন, গ্রাম-কচুয়া, ডাকঘর-কচুয়া, উপজেলা-কচুয়া, জেলা-বাগেরহাট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার কচুয়া উপজেলার ০৪নং কচুয়া সদর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পূনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

---

### আদেশাবলি

তারিখ : ২৬ আষাঢ় ১৪৩০/১০ জুলাই ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৭৫(১)-২৪৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ ইমরান হোসাইন, জন্ম তারিখ: ০১-১২-১৯৯৫ খ্রি. পিতা: আবু নোমান মোঃ বজলুর রহমান, মাতা: তাছলিমা বেগম, সড়ক/মহল্লা: মাদরাসা রোড মুসলিমপাড়া, ওয়ার্ড নং-০৮, ডাকঘর: খেপুপাড়া, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া পৌরসভার ৭ ও ৮নং, ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পূনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৭৫(১)-২৪৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ ফজলুল হক, জন্ম তারিখ: ০৫-১১-১৯৭৮ খ্রি. পিতা: মোঃ শামসুল হক, মাতা: মোসা: ফাতেমা বেগম সড়ক/মহল্লা: নেছারিয়া সড়ক ওয়ার্ড নং-০৯, ডাকঘর: খেপুপাড়া, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া পৌরসভার ৯নং, ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পূনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ : ৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন-৩০/২০২৩-৩২১**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ আব্দুর রাজ্জাক সরকার, পিতা-মোঃ আফছার উদ্দিন সরকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর-১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৭/২০২৩-৩২৪**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মো: মুকবুল হোসেন খাঁন, পিতা-মোহাম্মদ উল্যাহ খাঁন, মাতা-মৃত মনোয়ারা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর-১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

বিষয়: **কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ শাখাওয়াত হোসেন এর নোটারী সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।**

নং আর-৬/৭এন-১৮/২০১৩-৩২০—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার আইনজীবী সমিতির সদস্য এডভোকেট মোঃ শাখাওয়াত হোসেন-কে নোটারী বিধিমালা, ১৯৬৪ এর বিধি ১৩ মোতাবেক অসদাচরনের দায়ে দোষী সাব্যস্ত করে তাঁর নোটারী সনদ বাতিলপূর্বক নোটারী রেজিস্টার হতে নাম কর্তন করা হল।

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন-৪০/২০২৩-৩১৬**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ফরিদপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব প্রদীপ কুমার দাস, পিতা-জগদীস চন্দ্র দাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর-১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৩৮/২০২৩-৩১৫**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব বিলকিছ জাহান, পিতা-শেখ আবু হেনা জাহাঙ্গীর আলম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর-১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুলাই ২০২৩ খ্রি.

**নং আর-৬/৭এন-৪২/২০২৩-৩১২**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকট জনাব শেখ আহসানুল কবির, পিতা-মৃত শেখ আব্দুস সামাদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর-১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২৩ খ্রি

বিষয়: **বরগুনা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মো: আশ্রাফুল আলম এর নোটারী সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।**

নং আর-৬/৭এন-২৮/২০১৬-৩২৩—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, The Notaries Rules, 1964 এর বিধি ১৩ মোতাবেক পেশাগত অসদাচরণ (Professional Misconduct) এর দায়ে দোষী সাব্যস্ত করে এডভোকেট মো: আশ্রাফুল আলম, পিতা-আব্দুল খবির মিয়া এর নোটারী সনদ বাতিলপূর্বক নোটারী রেজিস্টার হতে তার নাম অপসারণ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ মো: সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্টেশন)।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ আষাড় ১৪৩০ বঙ্গাব্দ/১০ জুলাই ২০২৩ খ্রি.

নং ৪৩.০০.০০০০.১১৩.১১.০০২.২০.১৬১—বাংলা একাডেমি আইন ২০১৩ (২০১৩ সনের ৩৩নং আইন) এর ২৩(১) ধারার 'ঘ' এবং 'ঙ' উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত সুধীবৃন্দকে বাংলা একাডেমির নির্বাহী পরিষদের সদস্য হিসাবে ০৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করলেন:

| | |
|---|---|
| ১. | অধ্যাপক বায়তুল্লাহ্ কাদেরী, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক) |
| ২. | অধ্যাপক ড. ফিরোজা ইয়াসমীন, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ব বিভাগের অধ্যাপক) |
| ৩. | অধ্যাপক ড. মো: আবু জাফর, চেয়ারম্যান, ইংরেজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক) |
| ৪. | অধ্যাপক ড. অলোক কুমার পাল মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা (পাবলিক বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক) |
| ৫. | ডা. বরেন চক্রবর্তী,ঢাকা (বিশিষ্ট চিকিৎসক ও বিজ্ঞানী) |
| ৬. | অধ্যাপক ড. মোহাম্মদ ইউনুস আলী, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা (বিশিষ্ট তথ্যপ্রযুক্তিবিদ) |

০২। এ আদেশ ২৮ এপ্রিল ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শিল্পী রানী রায়**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০/১২ জুলাই ২০২৩

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২২-২৮৩**—১৯৬৮ সালের (সংশোধিত ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভূক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | হরিপুর জমিদার বাড়ী<br>গ্রাম: হরিপুর<br>উপজেলা: হরিপুর<br>জেলা: ঠাকুরগাঁও | হরিপুর | ০১ | ৩২৭ | ৩.৮০ একরের মধ্যে ০.৫০ একর। (বড় তরফ) | উত্তর-কোয়াটার (ভূমি অফিস) দক্ষিণে-হরিপুর নতুন বাজার পূর্বে-রাজবাড়ী মন্দির পশ্চিমে-হরিপুর নতুন বাজার | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক ঠাকুরগাঁও (অত্রাফিসের ১৫/০৩-০৪নং মিস কেসে খাস করা হয়েছে | হ্যাঁ | বর্তমানে পুরাতন জমিদার বাড়ীসমূহ পরিত্যক্ত ও অব্যবহৃত অবস্থায় রয়েছে। |
| | | | ০১ | ৩১৪ | ০.১৭ একর। (ছোট তরফ) | উত্তর পাকা রাস্তা দক্ষিণে-সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয় পূর্বে-হরিপুর নতুন বাজার পশ্চিমে-পাকা রাস্তা | | হ্যাঁ | |

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২২-২৮৮**—১৯৬৮ সালের (সংশোধিত ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভূক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | ডালিঝাড়া বৌদ্ধ বিহার-মন্দির কমপ্লেক্স।<br>গ্রাম: কাশিমপুর<br>ইউনিয়ন: গৌরীঘোনা<br>উপজেলা: কেশবপুর<br>জেলা: যশোর। | ১৪২ নং কাশিমপুর | ১/১<br>৩৪<br>৮২<br>৮৬<br>২৮৫<br>৩১ | ১৮১<br>১৮৬<br>১৭৭<br>১৮৯<br>১৮৩<br>১৮০<br>১৮২<br>১৮৮<br>১৬৯<br>১৭৮<br>১৮৪ | ০.৩৯০০<br>০.০৮০০<br>০.২২০০<br>০.৫৪০০<br>০.৮০০০<br>০.৪৬০০<br>০.২৯০০<br>০.৫২০০<br>০.১২০০<br>০.১২০০<br>০.৮২০০ | উত্তর-আসাদ গং<br>দক্ষিণে-আলহাজ গং<br>পূর্বে-আসাদ গং<br>পশ্চিমে-হাকিম গং | বাংলাদেশ সরকার আফছার আলী মোড়ল, পিং-আবেদ আলী মোড়ল।<br>আব্দুল হাকিম দিং<br>পিং-অজেদ আলী আবু হার<br>পিং-আব্দুল লতিফ দফাদার মোশারাফ হোসেন<br>পিং-আব্দুর রাজ্জাক সাহাজি শরিফুননেছা জং-অজেদ আলী মোড়ল | উপর্যুক্ত ক্ষতিপুরণ সাপেক্ষে জমি হস্তান্তর করতে সম্মত আছে। | |

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১১ জুলাই ২০২৩ খ্রি.

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০১.২০২৩-২৩৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী ডঃ মোহাম্মদ ওবায়দুল করিম, প্রাক্তন অধ্যাপক, সমাজতত্ব বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-কে চট্টগ্রাম বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবে;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২.। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০১১.১৩.-২৩৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী ড. বিধান চন্দ্র দাস, প্রাক্তন অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-কে নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবে;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০২৩ খ্রি.

নং ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৯.২২-৬২—যেহেতু, প্রকৌশলী হারুন অর রশীদ, সিনিয়র ইন্সট্রাক্টর এবং অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী, সিরাজগঞ্জ। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক এর মাধ্যমে গত ০১-০৪-২০২২ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে স্বেচ্ছায় স্ব-জ্ঞানে পারিবারিক কারণে চাকরি হতে অব্যাহতির জন্য গত ২২-০৩-২০২২খ্রিঃ তারিখ সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন। পরবর্তীতে পারিবারিক সমস্যা দূরীভূত হওয়ায় গত ১৬-০৫-২০২২ খ্রিঃ তারিখ ২২-০৩-২০২২ খ্রিঃ তারিখে চাকরি হতে অব্যাহতির দাখিলকৃত আবেদনটি প্রত্যাহারের জন্য আবেদন করেছেন।

০২। যেহেতু, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী, সিরাজগঞ্জ এর সিনিয়র ইন্সট্রাক্টর এবং অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর মতো গুরুত্বপুর্ণ প্রতিষ্ঠানের প্রধান হয়েও খামখেয়ালী করে পদত্যাগপত্র দাখিল এবং পরবর্তীতে তা প্রত্যাহারের আবেদন করেছেন যা শোভনীয় নয় এবং দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শনের শামিল। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমাল, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ;

০৩। যেহেতু, চাকরি হতে অব্যাহতি ও পরবর্তীতে পারিবারিক সমস্যা দূরীভূত হওয়ায় আবেদন প্রত্যাহার বিষয়টি তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক বিভাগীয় মামলা নং ০১/২০২৩ সূচনা করে ১১-০৫-২০২৩ তারিখে ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৯.২২-৪১ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং ২১ জুন ২০২৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৬। সেহেতু, প্রকৌশলী হারুন অর রশীদ, সিনিয়র ইন্সট্রাক্টর এবং অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী, সিরাজগঞ্জ কে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ক) বিধি অনুযায়ী অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমেদ মনিরুছ সালেহীন**
সিনিয়র সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-২**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/১৭ জুলাই ২০২৩ খ্রি.

নং ৪০.০০.০০০০.০২০.৩৮.১৪৫.২০১২-২০৬—যেহেতু, জনাব মোহাম্মদ আমিনুল হক, পরিচালক হিসেবে বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় (বর্তমানে কর্মরত বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী) তার বিরুদ্ধে বাংলাদেশ গার্মেন্টস এন্ড ইন্ডাষ্ট্রিয়াল শ্রমিক ফেডারেশন, ঢাকা এর সাধারণ সম্পাদক জনাব বাবুল আক্তার কর্তৃক আরএমজি সেক্টরে ঘুষ, দুর্নীতি, চাঁদাবাজি ও স্বেচ্ছাচারিতার বিষয়ে সচিব, দুর্নীতি দমন কমিশন বরাবর একটি অভিযোগ দাখিল করা হয়। সে প্রেক্ষিতে দুদক বিষয়টির উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করে।

০২। সেহেতু, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক গত ২৪-০১-২০২২ তারিখে ১৭নং স্মারকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে গঠিত তদন্ত কমিটি কর্তৃক বিষয়টি তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে অধিকাংশ নথিই আইনানুগ ও বিধিসম্মতভাবে নিষ্পত্তি করা হয়নি এবং প্রশাসনিক শৃঙ্খলা না মেনেই নথিজাত বা প্রত্যাখ্যান করার বিষয়টি প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" ২(খ) ও ৩(খ) বিধি অনুযায়ী গত ২৯-০৩-২০২৩ তারিখের ৯৬ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ রুজু করা হয়। অতঃপর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। অতঃপর গত ১৭-০৫-২০২৩ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ১৭-০৭-২০২৩ তারিখে আদেশের জন্য দিন ধার্য করা হয়।

০৩। যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিতে বলেন যে, তার বিরুদ্ধে কথিত অভিযোগ এর কথিত অভিযোগকারী জনাব বাবুল আকতার তদন্ত কমিটির নিকট সশরীরে উপস্থিত হয়ে স্বাক্ষ্য প্রদান করেন যে, ঢাকা বিভাগীয় শ্রম দপ্তরের সাবেক পরিচালক জনাব মোহাম্মদ আমিনুল হক কর্তৃক আরএমজি সেক্টরে ঘুষ, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার মাধ্যমে ২০ কোটি টাকার জ্ঞাত আয় বর্হিভূত সম্পদ অর্জন বিষয়ে অভিযোগটি তিনি দায়ের করেননি এবং অভিযোগ পত্রে স্বাক্ষরও তার নয়। এ অভিযোগপত্রটি কে দায়ের করেছেন তাও তিনি জানেন না। তার নাম ব্যবহার করে অন্য অজ্ঞাত কেউ এ অভিযোগ সম্পূর্ণরূপে মিথ্যা ও কে বা কারা তার সুনাম ক্ষুণ্নসহ চাকরিতে ক্ষতি করার উদ্দেশ্যে কুচক্রীমহল কর্তৃক দাখিল করা হয়েছে।

০৪। মনটেক্স ফেব্রিক্স লিঃ শ্রমিক ইউনিয়নসহ বিভিন্ন ইউনিয়নসমূহের নথিজাত ও প্রত্যাখানের বিষয়ে বলা হয়েছে ৫৫ দিনে নথিজাত ও প্রত্যাখান করা হয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৮২। রেজিষ্ট্রিকরণ-১ [মহাপরিচালক] কোন ট্রেড ইউনিয়ন কর্তৃক এই অধ্যায়ের সকল প্রয়োজনীয় বিষয়াদি পালিত হয়েছে এই মর্মে সন্তুষ্ট হওয়ার পর বিধি দ্বারা নির্ধারিত রেজিষ্টারে উহাকে রেজিষ্ট্রি এবং রেজিষ্ট্রিকরণের জন্য দরখাস্ত প্রাপ্তির (পঞ্চান্ন) দিনের মধ্যে বিধি দ্বারা নির্ধারিত ফরমে একটি রেজিষ্ট্রিকরণ প্রত্যায়নপত্র প্রদান করিবেন। ১৮২(২) "যদি [মহাপরিচালক উক্ত দরখাস্তে অত্যাবশ্যক কোনো তথ্যের অসম্পূর্ণতা দেখিতে পান তাহা হইলে তিনি দরখাস্ত প্রাপ্তির ১২ দিনের মধ্যে উক্ত বিষয়ে তাহার আপত্তি ট্রেড ইউনিয়নকে লিখিতভাবে জানাইবেন এবং ট্রেড ইউনিয়ন উহা প্রাপ্তির ১৫ দিনের মধ্যে ইহার জবাব দিবে [তবে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট পক্ষের জবাব পাওয়া না গেলে আবেদনটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা যাইবে]"। মে, ২০১৭ সালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত Sop (stndard operating procedures of the registration of trade union) মোতাবেক রেজিষ্ট্রার অব ট্রেড ইউনিয়নকে ৫৫ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করতে হবে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত Sop (standard operating procedures of the registration of trade union) বিধান শতভাগ প্রতিপালনপূর্বক অর্থাৎ ৫৫ দিনের মধ্যেই বর্ণিত ইউনিয়নসমূহের আবেদন নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করেছেন, এক্ষেত্রে তার বিরুদ্ধে আনীত ইউনিয়নসমূহের নথিজাত আইনানুগ ও বিধিসম্মত হয়নি অভিযোগটি সঠিক নয়। বিধায় তিনি এ অভিযোগ হতে তাকে অব্যাহতি দানের জন্য অনুরোধ জানান।

০৫। এক্ষেত্রে উল্লেখ যে, ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় পত্রাদি রেজিষ্ট্রি ডাকযোগে সরকারি ডাক বিভাগের মাধ্যমে গ্রহণ ও বিতরণ করা হয়। সেক্ষেত্রে পত্রাদি গ্রহণ ও প্রেরণের সময় অনেক সময়েই বিলম্ব হয় ফলে নথিজাত ও অন্যান্য সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে ৫৫ দিন সময় লেগে যায়। প্রত্যাখান বিধিসম্মতভাবে হলেও নথির নোটাংশ স্বাক্ষরকারীগণের নাম বা নামযুক্ত সীলমোহর নেই বলে যে অভিযোগ করা হয়েছে সে সম্পর্কে তিনি বলেন যে, তার ২৯ বছরের অধিক সময়কাল চাকরি জীবনে কখনও নামযুক্ত সীলমোহর নোটাংশে ব্যবহার করেননি এবং ব্যবহার করতে দেখেননি বা ব্যবহার করতে হবে মর্মে কোনো নির্দেশনাও কর্তৃপক্ষের নিকট হতে পাননি। বিষয়টি অবগত না থাকায় তিনি ক্ষমা প্রার্থনা করেন।

০৬। যেহেতু তার বিরুদ্ধে আনীত ২০ কোটি টাকার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ ও আর্থিক দুর্নীতির অভিযোগের স্বপক্ষে কোনো সুস্পষ্ট ও সুনির্দিষ্ট প্রমাণক না পাওয়ায় এবং মূল অভিযোগকারীও অজ্ঞাত থাকায় এবং নথিজাত ও প্রত্যাখান যতাযথ আইন, বিধি ও Sop (standard operating procedures of the registration of trade union) অনুযায়ী সঠিক থাকায় তিনি তার জবাব সহানুভূতির সাথে বিবেচনা করে অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানান।

০৭। আদেশের জন্য ধার্য তারিখে জনাব মোহাম্মদ আমিনুল হকের ব্যক্তিগত শুনানির বক্তব্য, লিখিত জবাব এবং অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ আমিনুল হকের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত ২০ কোটি টাকার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ ও আর্থিক দুর্নীতির অভিযোগের স্বপক্ষ কোনো সুস্পষ্ট ও সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া যায়নি। তবে অধিকাংশ নথিই আইনানুগ ও বিধিসম্মতভাবে নিষ্পত্তি হয়নি এবং প্রশাসনিক শৃঙ্খলা না মেনেই নথিজাত বা প্রত্যাখান করা হয়েছে। তাছাড়া, পর্যালোচনায় আরও দেখা যায় যে, জনাব মোহাম্মদ আমিনুল হক বেশ কয়েকটি নথি শ্রম আইনে নির্ধারিত ৫৫ দিনের মধ্যে নিষ্পত্তি করেছেন। আবার কোনো কোনো নথি ৫৪ দিন, ৫৩ দিন, ৫২ দিন অর্থাৎ শেষের দিকে নথিজাত বা প্রত্যাখান করেছেন। এ সকল নিষ্পত্তির মধ্যে তার দুরভিসন্ধিমূলক মনোভাবের প্রকাশ রয়েছে মর্মে প্রতীয়মান হয়। তাছাড়া আরও কিছু নথি নির্দিষ্ট সময়সীমার বেশ কিছুদিন পর নিষ্পত্তি করেছেন যা শ্রম আইনের পরিপন্থি। অর্থাৎ নথি নিষ্পত্তির বিষয়ে তার গাফিলতি ছিল যা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। সুতরাং তিনি দোষী এবং শাস্তি পাওয়ার যোগ্য।

০৮। সুতরাং, জনাব মোহাম্মদ আমিনুল হককে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর ১(ক) এবং উপবিধি ২(১) (খ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে পরবর্তী ০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত দণ্ড প্রদান করা হল। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পরে তিনি এ স্থগিতকৃত ০১ (এক) বছরের বেতন বৃদ্ধি ফেরত পাবেন না। একই সাথে এ মামলা নিষ্পত্তি করা হলো।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এহছানে এলাহী**
সচিব।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**
**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০/২৭ আগস্ট ২০২৩

**নং ০৩.৭৫৯.০১৪.০১২.০০.০১৫.২০১৭(অংশ-৩)-২৭৩৩**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের এস.আর.ও. নং ৩৪৪-আইন/২০২২, তারিখ: ২৬ নভেম্বর ২০২২ এর মাধ্যমে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় ১২৩.১৫৮৪ (একশত তেইশ দশমিক এক পাঁচ আট চার) একর জমিতে **"মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিমিটেড"** ঘোষণা করা হয়। উক্ত জোনে নতুন ৩৩.২৩৩৬ (তেত্রিশ দশমিক দুই তিন তিন ছয়) একর জমি অন্তর্ভুক্তির লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭)-এর নির্বাহী চেয়ারম্যান বরাবর বর্ণিত কোম্পানির (ফ্রেশ ভিলা, হাউজ-১৫, রোড-৩৪, গুলশান-১, ঢাকা-১২১২) ব্যবস্থাপনা পরিচালক জনাব মোস্তফা কামাল আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, আবেদিত ৩৩.২৩৩৬ একর জমি মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিমিটেড-এর নামে ক্রয়কৃত এবং উক্ত জোনের নামে নামজারীকৃত।

২। বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ১-৯ তফসিলসমূহের অন্তর্ভুক্ত "মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিমিটেড" এর মালিকানাধীন ৩৩.২৩৩৬ একর জমি উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অন্তর্ভুক্ত হলে তদ্দারা ক্ষতিগ্রস্থ হতে পারেন এমন কোনো ব্যক্তি অথবা কোনো আর্থিক প্রতিষ্ঠানের কাছে দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিনিয়োগ ভবন (৮ম, ৯ম, ১০ম তলা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের/সম্প্রসারণের জন্য অনুমোদিত মাস্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্প কারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে।

তফসিল-১

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- মল্লিকের পাড়া, জে এল নং-১৭৬

আর.এস দাগ নং: ৬৪।

মোট আর.এস দাগ সংখ্যা: ১ টি।

আর.এস খতিয়ান নং: ২২ ।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ১ টি ।

মোট জমির পরিমাণ: ০.৫২০০ একর।

চৌহদ্দি: উত্তরে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, দক্ষিণে কামারগাঁও মৌজা, পূর্বে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পশ্চিমে মল্লিকেরপাড়া মৌজার অংশ।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ১২১৮৯/১৫।

তফসিল-২

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- কামারগাঁও, জে এল নং- ২১২

আর.এস দাগ নং: ১১ (আংশিক), ২১ (আংশিক), ২৫ (আংশিক), ২৯ (আংশিক), ৩০ (আংশিক), ৩১ (আংশিক), ৩২ (আংশিক), ৩৩, ৪৪, ৪৫, ৪৭, ৫২, ৫৩, ৫৪, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১ (আংশিক), ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫ (আংশিক), ৮৬ (আংশিক), ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৫, ৯৬।

মোট আর.এস দাগ সংখ্যা: ৫০ টি।

আর.এস খতিয়ান নং: ৩, ৪, ৫, ৬, ৭, ৯, ১১, ১৩, ১৬, ১৭, ১৮, ২১, ২৩, ২৪, ২৫, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৫, ৪২।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ২২ টি।

মোট জমির পরিমাণ: ১৩.৮১৪৪ একর।

চৌহদ্দি: উত্তরে কামারগাঁও মৌজার অংশ, দক্ষিণে সতরাজদী মৌজা, পূর্বে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পশ্চিমে কুশাসন ও নারায়ণদিয়া মৌজা।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ৪৮৫৮/১৬, ৬০৪৬/১৬, ৯৩২৭/১৬, ৫৩১/১৭, ১৫৭৬/১৭, ২৫৬৯/১৭, ৬১৯১/১৭, ৭১০১/১৭, ১০৭০৮/১৭, ৮৬৩/১৮, ২৬৪২/১৮, ৩৪৬৬/১৮, ৮২৭৮/১৯, ৮২৮১/১৯, ১৬৩৬/২০, ১৪৫৬৩/২১, ১৯২২/২২, ৭২৪২/২২, ২২৮২৬/২২, ২২৮৭৮/২২, ৮৩৪/২৩, ১৭৯০/২৩, ১৯৭০/২৩।

তফসিল-৩

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- সতরাজদী, জে এল নং- ২১৫

আর.এস দাগ নং: ১, ২, ৩, ৪, ৫ (আংশিক), ৬, ৭, ৮, ৯, ১০।

মোট আর.এস দাগ সংখ্যা: ১০ টি।

আর.এস খতিয়ান নং: ৪, ৫, ১৯, ২৩, ২৬।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৫ টি।

মোট জমির পরিমাণ: ২.৯০৮৭ একর।

চৌহদ্দি: উত্তরে কামারগাঁও মৌজা, দক্ষিণে সতরাজদী মৌজার অংশ, পূর্বে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পশ্চিমে কুশাসন মৌজা।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ৮৩৬৪/২০, ৮৩৬৪/২০, ৮৯২১/২০, ১৫৩৯৬/২১, ১৯২১/২২, ২০০৩/২২, ৬০৮৩/২২, ৬৬২৯/২২, ৮৪৩৪/২২, ১১৬৫২/২২, ১২৯৫৭/২২, ১৪১২৪/২২, ১৪৪০২/২২।

তফসিল-৪

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- কুশাসন, জে এল নং- ২০৯

আর.এস দাগ নং: ৩১, ৩২ (আংশিক), ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪২ (আংশিক), ৪৫, ৫৫, ৫৭, ৫৮ (আংশিক)।

মোট আর.এস দাগ সংখ্যা: ১৫ টি।

আর.এস খতিয়ান নং: ৫, ৯, ১০, ১৮, ১৯, ২০, ২২, ২৬।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৮ টি।

মোট জমির পরিমাণ: ৩.৮১২৪ একর।

চৌহদ্দি: উত্তরে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, দক্ষিণে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পূর্বে কামারগাঁও মৌজা, পশ্চিমে নারায়ণদিয়া মৌজা।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ৬৯২৩/২০, ৬৯৪২/২০, ৭৯৯৭/২০, ৭৯৯৮/২০, ১৩৪৪২/২১, ১৪৫৫৩/২১, ১৯২৪/২২, ২০০২/২২, ১৬৮৭৩/২২, ১৯৭৩/২৩।

তফসিল-৫

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- নারায়ণদিয়া, জে এল নং- ২১০

আর.এস দাগ নং: ৫৯ (আংশিক), ৬০ (আংশিক), ৯৪, ১১১ (আংশিক)।

মোট আর.এস দাগ সংখ্যা: ৪ টি।

আর.এস খতিয়ান নং ৫, ৯, ১৫।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৩ টি।

মোট জমির পরিমাণ: ০.৩৯৫০ একর।

চৌহদ্দি: উত্তরে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, দক্ষিণে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পূর্বে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পশ্চিমে খাল।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ১২৫৮৩/২০, ৮১২২/২১, ১২৪৭৪/২১।

তফসিল-৬

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- রতনদী , জে এল নং- ২২৫

আর.এস দাগ নং: ৪৮ (আংশিক), ৫০, ৫১, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৬০, ৬২ (আংশিক), ৬৫, ৬৮ (আংশিক), ৬৯ (আংশিক), ৭০ (আংশিক), ৭২ (আংশিক), ৭৩, ৭৪ (আংশিক), ৭৫ (আংশিক), ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৪ (আংশিক)।

মোট আর.এস দাগ সংখ্যা: ২৭ টি।

আর.এস খতিয়ান নং: ১০, ১২, ১৩, ১৫, ২২, ২৪, ২৫, ২৭, ৪৪, ৪৬, ৫৩, ৫৪, ৫৯, ৬৬, ৬৭, ৭৮, ৯৭, ১০৬, ১০৭, ১০৮।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ২০ টি।

মোট জমির পরিমাণ: ৬.৪১২৫ একর।

চৌহদ্দি: উত্তরে রতনদী মৌজার অংশ, দক্ষিণে ছোটসাদিপুর মৌজা, পূর্বে ছোটবন্দরা মৌজা, পশ্চিমে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ২৩৯৪৪/১২, ২৮৯৩/১৯, ৩৮৪২/১৯, ১৭৬০/২০, ১৭৬১/২০, ৪৫৮১/২০, ৬৮৩২/২০, ৯৯৯৮/২০, ১৪৮২৫/২১, ১৪৮২৭/২১, ১৪৮২৯/২১, ১৭৯১৯/২১, ১৭৯২০/২১, ১৮৫৩০/২১, ১৯২৪৫/২১, ৭১৯৪/২২, ৭৬৫৯/২২, ১৩৯১৮/২২, ১৯০৩৫/২২।

তফসিল-৭

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- ছোটবন্দরা , জে এল নং- ২২৪

আর.এস দাগ নং: ৩, ৪, ৫, ৬, ৭, ৮ (আংশিক), ৯ (আংশিক), ১৩ (আংশিক)।

মোট আর.এস দাগ সংখ্যা: ৮ টি।

আর.এস খতিয়ান নং: ৫, ৬, ৭, ৯, ১০, ১২ ।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৬ টি।

মোট জমির পরিমাণ: ২.৬৬৫৫ একর।

চৌহদ্দি: উত্তরে রতনদী মৌজার অংশ, দক্ষিণে ছোটসাদিপুর মৌজা, পূর্বে ঢাকা চট্টগ্রাম মহাসড়ক, পশ্চিমে রতনদী মৌজা।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ১১০৬৪/১৬, ১১৮২৩/১৭, ৯৯৮৭/১৮, ১৫০৮/১৯, ২৮৯৪/১৯, ৩১৩৬/২০, ৫১৫৫/২০, ১০১০৩/২০, ১৪২২৮/২১, ১৩৯১৬/২২, ১৪৬৪৮/২২।

তফসিল-৮

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- ছোটসাদিপুর , জে এল নং- ২২৩

আর.এস দাগ নং: ৫১, ৫২ (আংশিক), ৫৩ (আংশিক), ৫৪, ৬০, ৬১, ৬৩ (আংশিক), ৬৪ (আংশিক), ৯৫, ৯৬ (আংশিক), ৯৭ (আংশিক), ৯৮ (আংশিক), ১০০ (আংশিক), ১০১, ১০২, ১০৩, ১০৪।

মোট দাগ সংখ্যা: ১৭ টি।

আর.এস খতিয়ান নং: ৮, ৯, ১২, ১৫, ১৬, ৩৪, ৩৫, ৩৭, ৩৯।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৯ টি।

মোট জমির পরিমাণ: ২.৫৫০৬ একর।

চৌহদ্দি: উত্তরে রতনদী ও ছোটবন্দরা মৌজা, দক্ষিণে ছোটসাদিপুর মৌজার অংশ, পূর্বে ছোটসাদিপুর মৌজার অংশ, পশ্চিমে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ১৪১২২/১৬, ১৪৩৩১/১৬, ৬৬৪০/১৯, ১০৪৯২/১৯, ১০৪৯৩/১৯, ১৪৮২৬/২১, ৬১১৭/২২, ৬৩২৪/২২, ৬৮৬০/২২, ৭০৫০/২২, ৭১৯৭/২২, ১৩৯১৯/২২, ১৩৯৮৪/২২, ১৮৯২৩/২২, ৮৮২৬/২৩।

তফসিল-৯

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা- সোনারগাঁও, মৌজার নাম- বড়সাদিপুর , জে এল নং- ২০৭

আর.এস দাগ নং: ২০ (আংশিক), ২১ (আংশিক), ২২ (আংশিক), ২৪ (আংশিক)।

মোট আর.এস দাগ সংখ্যা: ৪ টি।

আর.এস খতিয়ান নং: ১৫, ২১, ২৭।

মোট আর.এস খতিয়ান সংখ্যা: ৩ টি।

মোট জমির পরিমাণ: ০.১৫৪৫ একর।

চৌহদ্দি: উত্তরে বড়সাদিপুর মৌজার অংশ ও মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, দক্ষিণে বড়সাদিপুর মৌজার অংশ, পূর্বে মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন লিঃ, পশ্চিমে বড়সাদিপুর মৌজার অংশ।

নিবন্ধন নং ও নিবন্ধন সাল: ১৫৮১৫/১৬, ১১৪৮/১৭, ৩৩৭৩/১৮, ৭১৫৫/১৮।

**মোঃ খায়রুল হাসান**
সচিব
(অতিরিক্ত দায়িত্ব)।